আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
হে আহলে কিতাবগণ! কেন তোমরা ইব্রাহীমের বিষয়ে বাদানুবাদ কর? অথচ তওরাত ও ইঞ্জিল তাঁর পরেই নাযিল হয়েছে। তোমরা কি বুঝ না?
সূরা আল ইমরান ৬৫

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
এ্যাংকর সিমেন্ট
স্থায়িত্বের মজবুত সোপান
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

বরিশাল ॥ মঙ্গলবার ॥ ১৮ আগস্ট ২০২৬ ॥ ০৪ রবিঃ আউঃ ১৪৪৮ ॥ ০৪ ভাদ্র ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৭৫ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

১৮০ দিনে আইনশৃঙ্খলা পরিস্থিতির দৃশ্যমান উন্নতি হয়েছে: স্বরাষ্ট্রমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
বিগত ছয় মাস বা ১৮০ দিনে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতির দৃশ্যমান উন্নতি হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী ২ এর পাতায় দেখুন

নতুন পে-স্কেল এ বছরের মধ্যেই বাস্তবায়ন হবে: অর্থমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
সরকারি কর্মচারীদের নতুন পে-স্কেল বা বেতন কাঠামো এ বছরের মধ্যেই বাস্তবায়ন হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আমির ২ এর পাতায় দেখুন

উপসচিব পদে ২৭৭ কর্মকর্তার পদোন্নতি

কীর্তনখোলা ডেস্ক
উপসচিব পদে পদোন্নতি পেয়েছেন ২৭৭ জন কর্মকর্তা। সোমবার (১৭ আগস্ট) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত দুটি ২ এর পাতায় দেখুন

মানবতাবিরোধী অপরাধে ওবায়দুল কাদেরসহ শীর্ষ ৭ নেতার রায় যেকোনো দিন

কীর্তনখোলা ডেস্ক
জুলাই গণঅভ্যুত্থানে সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল ২ এর পাতায় দেখুন

বরিশালে থামছে না হামের প্রকোপ, মৃত্যু বেড়ে ৬১

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল বিভাগে হামের প্রকোপ যেন কমছে না। প্রতিদিনই ভাইরাসজনিত এই রোগের উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি শতাধিক শিশু। গত দুই দিনে হামের উপসর্গ নিয়ে দুই শিশুর মৃত্যু হয়েছে। বরিশাল বিভাগীয় স্বাস্থ্য দপ্তরের দাবি দ্রুত সময়ের মধ্যে পরিস্থিতি নিয়ন্ত্রণে চলে আসবে। বরিশাল বিভাগীয় স্বাস্থ্য দপ্তরের দেয়া তথ্য অনুযায়ী, চলতি বছরে বিভাগের ৬ জেলার সরকারি হাসপাতালগুলোতে হামের উপসর্গ নিয়ে ১৬ হাজার ৭৫০ জন রোগী ভর্তি হয়। এর মধ্যে সুস্থ হয়ে বাড়ি ফিরে গেছে ১৬ হাজার ৩০৩ জন। এখন পর্যন্ত ৬১ জনের মৃত্যু হয়েছে। বিভাগের মধ্যে সবচেয়ে বেশি ৫ হাজার ৪৯৪ রোগী ভর্তি হয়েছে বরিশাল শেরেই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে। স্বাভাবিকভাবে এ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছে সবচেয়ে বেশি ৪৩ জন রোগী। এরপরে বেশি ভর্তি হয়েছে পটুয়াখালীর সরকারি হাসপাতালে। এ জেলায় চার হাজার ৫২৮ জন ভর্তি হয়। তবে মৃত্যুর ঘটনা নেই। ভোলার সরকারি হাসপাতালগুলোতে ভর্তি হয় একহাজার ৮২৫ জন রোগী। মারা গেছেন ৭ জন। বরগুনা জেলায় ভর্তি হয়েছে ১৩৫০ জন। এর মধ্যে মারা গেছেন ৬ জন। আর পিরোজপুরে ভর্তি হয় ১ হাজার ১২৪ জন রোগী। মারা গেছেন ৩ জন। ঝালকাঠিতে ৬৩৫ জন ভর্তি হয়ে দুই জনের মৃত্যু হয়েছে। বরিশাল জেলার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৬১০ জন ও বরিশাল সদর হাসপাতালে ১৬৪৩ জন ভর্তি হলেও কোন রোগী মারা যায়নি। বিভাগীয় স্বাস্থ্য দপ্তরের দেয়া তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে, গত মার্চের পর থেকে প্রায় প্রতিদিই বিভাগের সব হাসপাতালে হামের উপসর্গ নিয়ে শিশু ভর্তি হচ্ছে। টিকা দেয়ার পরেও হামের সংক্রমণ কমছে না। এ বিষয়ে চিকিৎসকরা জানান, শিশুদের মধ্যে হাম দ্রুত ছড়িয়ে পড়ে। তাই আক্রান্তদের দ্রুত চিকিৎসার আওতায় আনা উচিত। হাম আক্রান্ত রোগীর সংখ্যা বাড়লেও চিকিৎসায় ২ এর পাতায় দেখুন

ভারী থেকে অতি ভারী বৃষ্টির আভাস

কীর্তনখোলা ডেস্ক
উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উপকূলে অবস্থানরত সুস্পষ্ট লঘুচাপটি আরও ঘনীভূত হয়ে মৌসুমি নিম্নচাপে পরিণত হয়েছে। বর্তমানে এটি বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চল ও পশ্চিমবঙ্গ উপকূল এলাকায় অবস্থান করছে। এর প্রভাবে আগামী পাঁচ দিন দেশের আটটি বিভাগেই দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি এবং কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বর্ষণের পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। সোমবার (১৭ আগস্ট) বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ মো. শাহীনুল ইসলাম-এর দেওয়া পূর্বাভাসে এ তথ্য জানানো হয়। আবহাওয়া অধিদপ্তর জানায়, মঙ্গলবার (১৮ আগস্ট) সন্ধ্যা ৬টার মধ্যে খুলনা, বরিশাল, রাজশাহী, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রংপুর, ঢাকা ও ময়মনসিংহ বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে ২ এর পাতায় দেখুন

শারীরিক প্রতিবন্ধী ইশরাককে বরিশাল সিটি কর্পোরেশনে চাকরির প্রদান করেন প্রশাসক অ্যাড. বিলকিস আক্তার জাহান শিরীন -কীর্তনখোলা

আবহাওয়ার নানামুখী আচরণে দুশ্চিন্তার ভাঁজ

বরিশাল অঞ্চলে ৯ লাখ হেক্টরে আমন রোপণে মাঠে মাঠে কৃষকের ব্যস্ততা

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল কৃষি অঞ্চলে চলতি খরিপ-২ মৌসুমে প্রায় ২৪ লাখ টন চাল ঘরে তোলার লক্ষ্যে ৮ লাখ ৯০ হাজার হেক্টর জমিতে আমন আবাদের উদ্দেশ্যে এখন মাঠে মাঠে সকাল-সন্ধ্যা কৃষিযোদ্ধাদের নিরলস কর্মব্যস্ততা। কিন্তু একদিকে গত শ্রাবণের পরে কয়েকদিনের ভাদ্রের লাগাতার বর্ষণ, অপরদিকে অমাবস্যার মরা কটালে এ অঞ্চলের সবগুলো নদ-নদীর পানি বিপৎসীমা অতিক্রম করায় কৃষিযোদ্ধাদের দুশ্চিন্তা ক্রমশ বাড়ছে। তবে প্রকৃতি নির্ভর বরিশালের কৃষি ব্যবস্থায় পুরো মৌসুমজুড়ে আবহাওয়ার নানামুখী বৈপরীত্যের মাঝেও কৃষিযোদ্ধাগণ স্বপ্নের ফসল ঘরে তুলতে প্রাণান্তকর চেষ্টা করে যাচ্ছেন। চলতি মৌসুমজুড়ে আবহাওয়ার নানামুখী বিরূপ আচরণ কৃষি সেক্টরে উদ্বেগ অব্যাহত রেখেছে। তবে এর মাঝেও বরিশাল অঞ্চলজুড়ে ইতোমধ্যে প্রায় ৩০ ভাগ জমিতে আমন রোপণ সম্পন্ন করেছেন কৃষিযোদ্ধাগণ। কিন্তু এখনো এ অঞ্চল হাইব্রিড ও উচ্চ ফলনশীল জাতের আমন আবাদে অনেকটাই পিছিয়ে। এমনকি বরিশাল অঞ্চলে স্থানীয় জাতের আমনের আবাদ প্রায় ৩০ ভাগ। মাঠ পর্যায়ের ২ এর পাতায় দেখুন

সরকারের প্রতি চরমোনাই পীরের ৬ পরামর্শ

কীর্তনখোলা ডেস্ক
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের মাধ্যমে গঠিত বিএনপি নেতৃত্বাধীন সরকারের প্রথম ছয় মাস পূর্তিতে সরকারের প্রতি ছয়টি পরামর্শ দিয়েছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির মুফতি সৈয়দ মুহাম্মাদ রেজাউল করীম (চরমোনাই পীর)। পরামর্শগুলো হলো, জুলাই সনদ ও জুলাই গণভোট বাস্তবায়ন, দুর্নীতি নিয়ন্ত্রণ, নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম কমানো, গণহারে দলীয়করণ না করা, ফ্যাসিবাদের সঙ্গে জড়িতদের শাস্তির আওতায় আনা এবং পাচার করা টাকা উদ্ধারে দৃশ্যমান অগ্রগতি নিশ্চিত করা। সোমবার (১৭ আগস্ট) সরকারের ছয় মাস পূর্তি উপলক্ষে দেওয়া এক বিবৃতিতে এসব পরামর্শ দেন তিনি। বিবৃতিতে চরমোনাই পীর বলেন, ত্রয়োদশ ২ এর পাতায় দেখুন

কমেছে সবজির দাম, সরবরাহ কম থাকায় মাছের দামে আগুন

কীর্তনখোলা রিপোর্ট
টানা কয়েক দিনের বৃষ্টির পর বরিশালে কমেছে অধিকাংশ সবজির দাম। তবে নদীর মাছের সরবরাহ কম থাকায় চাষের মাছের ওপর বেড়েছে চাপ। ফলে সপ্তাহের ব্যবধানে বিভিন্ন মাছের দাম কেজিতে ৫০ থেকে ১০০ টাকা পর্যন্ত বেড়ে যাওয়ায় হিমশিম খাচ্ছেন সাধারণ ক্রেতারা। সোমবার (১৭ আগস্ট) সকালে বরিশাল নগরীর বহুমুখী সিটি মার্কেটের পাইকারি সবজির বাজার ও পোর্ট রোডের মাছের বাজার ঘুরে এমন চিত্র দেখা গেছে। পাইকারি বাজারে দেখা যায়, করলা ৩০ টাকা, কাঁকরোল ৪০, পেঁপে ১৫-২০, পটোল ৩০-৩৫, রেখা ২০, লাউ ২৫, মিষ্টি কুমড়া ২৫-৩০, শসা ১৫, ঢেঁড়স ৩৫ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। এছাড়া লেবু বিক্রি হচ্ছে ৩ টাকা হালি দরে। এসব সবজি খুচরা বাজারে অবশ্য কিছুটা বেশি দামে বিক্রি হচ্ছে। কয়েক দিন আগেও ২৫০ থেকে ২৮০ টাকা কেজি দরে বিক্রি হওয়া কাঁচামরিচ এখন ৬০ টাকায় নেমে এসেছে। ব্যবসায়ীরা বলছেন, ভারত থেকে কাঁচামরিচ আমদানি হওয়ায় সরবরাহ বেড়েছে। পাশাপাশি বৃষ্টির কারণে বাজারে বেচাকেনা কমে যাওয়ায় সবজির দামও কমেছে। বাংলাবাজারে বাজার করতে আসা রাসেল বলেন, চার-পাঁচ দিন আগেও ৮০-১০০ টাকার নিচে কোনো সবজি পাওয়া যাচ্ছিল না। এখন দাম অনেকটাই স্বাভাবিক হয়েছে। এভাবে দাম কম ২ এর পাতায় দেখুন

বরিশালে ২ দিন ধরে বৃষ্টি, থাকবে আরও কয়েকদিন

কীর্তনখোলা রিপোর্ট
সাগরে লঘু চাপ ও মৌসুমি নিম্নচাপের প্রভাবে বরিশালে ২ দিন ধরে থেমে থেমে বৃষ্টি হচ্ছে। সোমবার (১৭ আগস্ট) সকাল ৯টা ৪০ মিনিট থেকে কখনো গুড়ি গুড়ি, আবার কখনো মাঝারি বৃষ্টিপাত হচ্ছে। বৃষ্টির কারণে ভোগান্তিতে পড়েছে অফিস ও স্কুল-কলেজগামী শিক্ষার্থীরা। তবে, বৃষ্টিতে এখন পর্যন্ত কোথাও জলাবদ্ধতার সৃষ্টি হয়নি। বরিশালের আবহাওয়া অফিস পর্যবেক্ষক মোঃ হুমায়ুন কবির জানান, সাগরে লঘু ও মৌসুমি নিম্নচাপের কারণে বৃষ্টি হচ্ছে। বরিশালে সোমবার সকাল থেকে দুপুর ২টা পর্যন্ত ২২ দশমিক ৩ মিলিমিটার এবং গত ২৪ ঘণ্টায় ৮২ দশমিক ৭ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। এসময় সমুদ্র বন্দরকে ৩ ও নদী বন্দরগুলোকে ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে। বৃষ্টি আরও ২-৩ দিন অব্যাহত থাকতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অফিস। উল্লেখ্য, বরিশাল ২ এর পাতায় দেখুন

সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি'র চেয়ারপার্সন মরহুমা বেগম খালেদা জিয়ার জন্মদিন উপলক্ষ্যে বরিশাল সদর উপজেলা বিএনপির উদ্যোগে দোয়া মোনাজাত -কীর্তনখোলা

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা
উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা, সদর রোড, বরিশাল, 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি, প্যারারোড, সদর রোড, বরিশাল, 01711-264963	অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868515	অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868514
খন্দকার লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01763-107720	রহমান বুক হাউজ, প্যারারোড, সদর রোড, বরিশাল, 01718-670945	মজুমদার লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল, 01716-139268
অমৃত লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল, 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি, বি.এম কলেজের সামনে, 01726-074663	হক লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে, 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেট, 01717-488083

ফজরের নামাজের সময় সেজদায় ইমামের মৃত্যু

পটুয়াখালী প্রতিনিধি
ফজরের সুন্নত নামাজ আদায়ের সময় সেজদায় গিয়ে আর ওঠা হলো না পটুয়াখালীর সদর উপজেলার শ্রীরামপুর বাজার মসজিদের ইমাম হাফেজ মুহাম্মদ আতাউল্লাহর। গতকাল সোমবার ভোরে মৌকরন ইউনিয়নের শ্রীরামপুর বাজার মসজিদে এ ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শী মুসল্লিরা জানান, প্রতিদিনের মতো সোমবার ভোরে ফজরের নামাজের প্রস্তুতি নেন আতাউল্লাহ। সুন্নত নামাজের দ্বিতীয় রাকাতে সেজদায় যাওয়ার পর দীর্ঘ সময়েও তিনি না ওঠায় মুসল্লিদের সন্দেহ হয়। পরে কাছে গিয়ে তাঁকে মৃত অবস্থায় পাওয়া যায়। আতাউল্লাহ দুমকী উপজেলার শ্রীরামপুর ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের তালুকদার বাজারসংলগ্ন এলাকার বাসিন্দা। তাঁর বাবা মাওলানা আব্দুস সালাম। তিনি বাবার একমাত্র সন্তান। পটুয়াখালীর জামিয়া আশরাফিয়া মাদ্রাসায় পড়াশোনা করেছেন আতাউল্লাহ। তাঁর স্ত্রী ও দুই সন্তান রয়েছে। স্থানীয় সূত্রে জানা যায়, প্রায় দেড় বছর ধরে শ্রীরামপুর বাজার মসজিদে ইমাম হিসেবে দায়িত্ব পালন করছিলেন আতাউল্লাহ। নামাজ পড়ানোর পাশাপাশি স্থানীয়দের সঙ্গে ২ এর পাতায় দেখুন

বঙ্গোপসাগরে ঝড়ের কবলে ট্রলার ডুবি ১০ জেলে উদ্ধার

কুয়াকাটা প্রতিনিধি
পটুয়াখালীর পায়রা বন্দর সংলগ্ন বঙ্গোপসাগরে ঝড়ের কবলে পড়ে একটি ট্রলার ডুবির ঘটনা ঘটেছে। ট্রলারে থাকা ১০ জেলেকে অপর দুটি ট্রলারে উদ্ধার করে নিরাপদে তীরে নিয়ে এসেছে। সোমবার (১৭ আগস্ট) সকাল ৭টার দিকে বঙ্গোপসাগরে হাইরের চর এলাকায় এ দুর্ঘটনা ঘটে। জেলেদের উদ্ধার করে নিয়ে আসলেও ট্রলার ও ট্রলারে থাকা মৎস্য সরঞ্জাম উদ্ধার করা সম্ভব হয়নি। ট্রলারের মালিক শামিম ২ এর পাতায় দেখুন

শিক্ষকদের বদলি আবেদন শুরু ২১ আগস্ট, সময় এক সপ্তাহ

কীর্তনখোলা ডেস্ক
বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষকদের বদলির আবেদন শুরু হচ্ছে আগামী ২১ আগস্ট। অনলাইনে এ আবেদন প্রক্রিয়া চলবে ২৭ আগস্ট পর্যন্ত। সোমবার (১৭ আগস্ট) ঢাকার শেরাটন হোটেলে এক অনুষ্ঠান শেষে বেরিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান। শিক্ষামন্ত্রী বলেন, যাদের বিভিন্ন দূর-দূরান্তে পোস্টিং রয়েছে, তাদের ট্রান্সফারের ব্যবস্থা করছি। আজকালের মধ্যেই সেটা শুরু করতে যাচ্ছি। ট্রান্সফারের বিষয়টার পর আমরা নিউ রিক্রুটমেন্টের দিকে যাচ্ছি। এর আগে রোববার (১৬ আগস্ট) মাউশির কর্মকর্তারা জানিয়েছিলেন, শিক্ষকদের বদলি আবেদনের সময়সূচি, আবেদন নিষ্পত্তি এবং অনলাইনে বদলি নিয়ে সামগ্রিক পরিকল্পনা করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে শিগগির বদলি আবেদন গ্রহণ শুরু হবে। বদলি আবেদনপ্রক্রিয়ায় দায়িত্বরত মাউশির একজন কর্মকর্তা বলেছিলেন, আবেদনের সময় প্রাথমিকভাবে ১০ দিন রাখার পরিকল্পনা করা হয়েছে। তবে এটি ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

টেকসই উন্নয়ন প্রয়োজন

মাস যায়, বছর যায় আমাদের কৃষিতে সুদিন আসে না। কৃষকের দুর্দিনও ঘোচে না। অথচ কৃষকের আয় বৃদ্ধি, ফসলের উৎপাদনশীলতা বাড়ানোসহ নানা লক্ষ্যে হাজার কোটি টাকার উন্নয়ন প্রকল্প ‘বাস্তবায়িত’ হয়, কিন্তু প্রকল্পের সুফল টেকসই হয় না। কোথাও দেখা গেছে, প্রকল্প চলাকালে কিছু সুফল মিললেও মেয়াদ শেষ হতে না হতেই আগের অবস্থাই ফিরে এসেছে, যা অত্যন্ত হতাশাজনক। বিগত দেড় দশকে দেশের কৃষি খাতে সরকারি ও উন্নয়ন সহযোগীদের অর্থায়নে অসংখ্য প্রকল্প বাস্তবায়িত হয়েছে। কাগজে-কলমে বেশির ভাগ প্রকল্পকে ‘সফলভাবে সমাপ্ত’ দেখানো হলেও মাঠ পর্যায়ে দেখা গেছে উল্টো চিত্র। অর্থাৎ যে লক্ষ্যে প্রকল্প নেওয়া হয়েছিল, তা অর্জিত হয়নি। সংশ্লিষ্টজনরা বলছেন, সঠিক পরিকল্পনার অভাব এবং ‘প্রকল্প-উত্তর পরিচালনাব্যবস্থা’ না থাকায় হাজার কোটি টাকার এসব বিনিয়োগের টেকসই ফল পাওয়া যাচ্ছে না। এ ছাড়া অভিযোগ রয়েছে, প্রকল্পের সম্ভাব্যতা মূল্যায়ন না করেই অনেক প্রকল্প হাতে নেওয়া হয়। দেশের বিভিন্ন জেলায় সরেজমিনে গিয়ে খোঁজ নিয়ে জানা গেছে, প্রকল্প চলাকালে গঠিত কৃষকদল, নির্মিত সেচনালা ও সরবরাহকৃত যন্ত্রপাতি মেয়াদ শেষ হওয়ার পর সঠিক তদারকির অভাবে নিষ্ক্রিয় হয়ে পড়ে। কৃষক শাহাজাহানের মুখেও শোনা গেছে একই তথ্য। তিনি বলেন, প্রকল্পের কর্মকর্তারা এসে প্রশিক্ষণ দিয়ে যান, কিন্তু প্রকল্প শেষ হওয়ার পর আর কেউ খোঁজ নেন না। অন্যদিকে এক উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তার মতে, প্রকল্প চলাকালে লক্ষ্যমাত্রা পূরণের চাপ থাকে। এ কারণে গভীর প্রভাব বা টেকসই সুবিধার চেয়ে সংখ্যাগত অর্জন দেখানোর দিকেই বেশি মনোযোগ দেওয়া হয়। খবরে বলা হয়েছে, ইউনিয়ন পর্যায়ে কৃষক সেবা কেন্দ্র স্থাপন ও প্রযুক্তি সম্প্রসারণ প্রকল্পটি গত বছর শেষ হলেও এর বাস্তবায়ন ও স্থায়িত্ব নেই। সেবাকেন্দ্রের ভবনগুলোতে নিরাপত্তাকর্মী না থাকায় নিরাপত্তাঝুঁকি রয়েছে। পাশাপাশি ভবনগুলোর নিয়মিত রক্ষণাবেক্ষণ, মেরামত ও সংস্কারের জন্য কোনো বাজেট বরাদ্দ রাখা হয়নি। ফলে ভবনগুলোর দীর্ঘ মেয়াদে ব্যবহার ও রক্ষণাবেক্ষণ নিয়ে অনিশ্চয়তা তৈরি হয়েছে। এতে সেবা কার্যক্রম ব্যাহত হয়েছে। বেশির ভাগ প্রকল্পের ফলাফলই এমন। কৃষি অর্থনীতিবিদ ড. জাহাঙ্গীর আলম খান যথার্থই বলেছেন কোনো প্রকল্পের দীর্ঘস্থায়ী সুফল নিশ্চিত করা গেলে তবেই প্রকল্প গ্রহণের সার্থকতা থাকে। এদিকে কৃষি মন্ত্রণালয়ের অধীনে বর্তমানে ২০ হাজার কোটি টাকার বেশি ব্যয়ে একাধিক উন্নয়ন প্রকল্প চলমান। আমরা মনে করি, চলমান প্রকল্পগুলো সঠিকভাবে পরিচালিত হবে। দেশের কৃষি খাতের প্রকৃত রূপান্তরের জন্য শুধু অর্থ ব্যয় বা সংখ্যাভিত্তিক অর্জন দেখলে হবে না বাস্তব ও টেকসই পরিবর্তনের দিকে নজর দেওয়া প্রয়োজন।

মানবতাবিরোধী অপরাধে ওবায়দুল

কাদেরসহ শীর্ষ সাত নেতার বিরুদ্ধে যুক্তিতর্ক শেষ হয়েছে। যেকোনো দিন রায় ঘোষণা করবেন ট্রাইব্যুনাল। সোমবার (১৭ আগস্ট) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ এর চেয়ারম্যান বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন তিন সদস্যের বিচারিক প্যানেলে যুক্তি-পাল্টা যুক্তি খণ্ডন সম্পন্ন করে প্রসিকিউশন ও আসামিপক্ষ। প্রথমে আইন নিয়ে বক্তব্য উপস্থাপন করেন প্রসিকিউটর মিজানুল ইসলাম। তিনি বলেন, জুলাই আন্দোলন ঘিরে রাষ্ট্রীয় বিভিন্ন বৈঠকে মানুষ মারার ষড়যন্ত্র ও পরিকল্পনা করা হয়। এ মামলায় দাখিল করা বিভিন্ন অডিও-ভিডিওতে এসবের প্রমাণ উঠে এসেছে। এছাড়া আন্দোলনকারীদের দেখামাত্র গুলির নির্দেশ দিয়েছিলেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। ফলশ্রুতিতে ৫ আগস্ট পর্যন্ত নির্বিচারে গুলি চালিয়ে বহু মানুষকে হত্যা করা হয়। প্রসিকিউশনের এসব কথার জবাব দেন ওবায়দুল কাদের, নাছিম ও আরাফাতের পক্ষে নিয়োগ পাওয়া আইনজীবী এম হাসান ইমাম। তিনি দাবি করেন, জনগণের জানমাল রক্ষায় শুট অ্যাট সাইটের নির্দেশ দেওয়া হয়েছে। তবে আমার তিনজন মক্কেল কোনো কমান্ডিং পজিশনে ছিলেন না। কমান্ড রেসপনসেবলিটিতে একজনকেই আমি দায়ী করি। অতএব আমার মক্কেলরা কাউকে মারেননি বা মারার নির্দেশও দেননি। এরপর ছাত্রলীগ সভাপতি-সম্পাদক ও যুবলীগ সভাপতি-সম্পাদকের পক্ষে যুক্তি খণ্ডন করেন ইশরাত জাহান। এই আইনজীবীর দাবি, চব্বিশের জুলাই আন্দোলন দমনে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নেতৃত্বদানকারীদের মধ্যে তার চার মক্কেল তথা সাদ্দাম, ইনান, পরশ ও নিখিলের নাম আসেনি। নেতৃত্ব দিয়েছেন অন্যরা। এছাড়া অধীনস্ত নেতাকর্মীদের নিয়ন্ত্রণে ছাত্রলীগ সভাপতি ও সাধারণ সম্পাদক ব্যর্থ হয়েছেন বলে দাবি করেন তিনি। এ সময় কোনো নেতাকর্মীর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে কি না জানতে চান ট্রাইব্যুনাল। জবাবে আইনজীবী ইশরাত জাহান বলেন, ২০২৪ সালের জুলাইয়ের শুরু থেকে ৪ আগস্ট পর্যন্ত বিশৃঙ্খলা চলছিল। ব্যবস্থা নেওয়ার সুযোগ ছিল না। তিনি বলেন, বারবার নারীদের আহত হওয়ার কথা বলা হচ্ছে। কিন্তু এ মামলায় কোনো নারী সাক্ষী আনা হয়নি। সাক্ষ্যপ্রমাণেও এমন কিছু দেখাতে পারেনি। এ ধরনের কোনো ঘটনা ঘটেছে কি না সন্দেহ রয়েছে।

উপসচিব পদে ২৭৭

প্রজ্ঞাপন জারি করা হয়েছে। এরমধ্যে প্রথম প্রজ্ঞাপনে ২৬২ জন কর্মকর্তাকে পদোন্নতির পর জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপসচিব) করা হয়। প্রজ্ঞাপনে বলা হয়, পদোন্নতির আদেশে উল্লিখিত কর্মস্থল থেকে কোনো কর্মকর্তার দপ্তর/কর্মস্থল ইতোমধ্যে পরিবর্তন হলে কর্মরত দপ্তরের নাম বা ঠিকানা উল্লেখ করে তিনি যোগদানপত্র দাখিল করবেন। পরবর্তীতে কোনো কর্মকর্তার বিরুদ্ধে কোনো বিরূপ বা ভিন্নরূপ তথ্য পাওয়া গেলে তার ক্ষেত্রে এই আদেশের প্রয়োজনীয় সংশোধন বা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে। এতে আরও বলা হয়, সরকারের উপসচিব পদে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাগণ তাঁদের যোগদানপত্র সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর সরাসরি অথবা অনলাইনে (ই-মেইল: sal@mopa.gov.bd) দাখিল করতে পারবেন। দ্বিতীয় প্রজ্ঞাপনে বিদেশে অবস্থিত বাংলাদেশের বিভিন্ন দূতাবাসের ১৫ জন কর্মকর্তাকে পদোন্নতি দেয়া হয়েছে। প্রজ্ঞাপনে বলা হয়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০১৪ সালের ২৪ মার্চের আদেশ অনুযায়ী সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় কর্মকর্তার প্রেষণ পদের বেতন স্কেল উন্নীত করে আদেশ জারি করবেন। আদেশ জারির পর পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা উন্নীত (আপগ্রেডেড) পদে যোগদান করে যোগদানপত্র নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। এতে আরও বলা হয়, পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা উন্নীত পদে যোগদানের তারিখ থেকে এ পদের বেতন-ভাতা প্রাপ্য হবেন। তবে বৈদেশিক ভাতা এবংএন্টারটেইনমেন্ট এলোয়েমসের ক্ষেত্রে সংশ্লিষ্ট দূতাবাস/ বা মিশনের মূল পদের নির্ধারিত হার প্রযোজ্য হবে। সংশ্লিষ্ট কর্মকর্তার বদলি বা অন্য কোনো কারণে পদ শূন্য হওয়ার পূর্ব পর্যন্ত উন্নীত বেতন স্কেল বহাল থাকবে।

নতুন পে-স্কেল এ বছরের

খসরু মাহমুদ চৌধুরী। সোমবার (১৭ আগস্ট) সচিবালয়ে অর্থ মন্ত্রণালয়ের সভাকক্ষে ‘বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস পে-কমিশন, ২০২৫’-এর প্রতিবেদন পর্যালোচনা ও সুপারিশ প্রণয়ন কমিটির সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। অর্থমন্ত্রীর সভাপতিত্বে এ সভা হয়। অর্থমন্ত্রী বলেন, এ কমিশনের অনেকগুলো দিক আছে। আমরা সবগুলো বিবেচনা করছি। আজকে অনেক আলোচনা হয়েছে, দীর্ঘ আলোচনা হয়েছে। আরও অধিকতর আলোচনার প্রয়োজনীয়তা আছে বিধায় পরে আমরা আবার বসবো। যখন ফাইনাল হবে, পূর্ণাঙ্গ সিদ্ধান্ত যখন আসবে আপনাদের সামনে উপস্থাপন করবো। নবম পে-স্কেল এ বছরের মধ্যে বাস্তবায়ন হবে কি না- জানতে চাইলে তিনি বলেন, এ বছরের মধ্যে হবে, অবশ্যই হবে। এ বছরের মধ্যেই হবে, সবই হবে। তবে সিদ্ধান্ত নিতে আরও আলোচনা প্রয়োজন বলে জানান অর্থমন্ত্রী। তিনি বলেন, এখানে অধিকতর আলোচনার বিষয় আছে। আমরা আজকে একটি দিক নিয়ে আলোচনা করেছি। আরও অন্যান্য দিক আছে। সব বিষয় আলোচনার পর যখন পূর্ণাঙ্গ সিদ্ধান্ত হবে, তখন আপনাদের সামনে উপস্থাপন করবো। জুডিশিয়ারির বিষয়ে সভায় কী আলোচনা হয়েছে জানতে চাইলে তিনি বলেন, মূল ইস্যু পে-কমিশনের হলেও এর সঙ্গে আরও বিষয় পড়বে। পে-কমিশনের সিদ্ধান্তে সাধারণ মানুষের ওপর চাপ পড়তে পারে কি না, এমন প্রশ্নে মন্ত্রী বলেন, ‘একটু একটু।’

১৮০ দিনে আইনশৃঙ্খলা

সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, জনগণের প্রত্যাশা অনুযায়ী পরিস্থিতি আরও সুসংহত করতে কিছুটা সময় প্রয়োজন। সোমবার দুপুরে বাংলাদেশ সচিবালয়ে অর্থ মন্ত্রণালয়ে ‘বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস পে-কমিশন, ২০২৫’-এর প্রতিবেদন-সংক্রান্ত সুপারিশ প্রণয়ন কমিটির সভা শেষে সাংবাদিকদের ব্রিফিংকালে স্বরাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। মন্ত্রী বলেন, আইনশৃঙ্খলা নিয়ে সন্তুষ্টির বিষয়টি দেশের জনগণই মূল্যায়ন করবে। তবে সরকারের পক্ষ থেকে নিশ্চিতভাবে বলা যায়, বিগত ছয় মাসে আইনশৃঙ্খলা পরিস্থিতির দৃশ্যমান উন্নতি সাধিত হয়েছে। জনগণের প্রত্যাশা অনুযায়ী এটিকে আরও সুসংহত করতে কিছুটা সময় প্রয়োজন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ‘আমাদের এখন মাত্র ৬ মাস পার হলো। এর মধ্যে আমরা অনেক সংস্কার কাজ করেছি এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর বিভিন্ন প্রশংসনীয় উদ্যোগ আপনারা দেখেছেন।’ তিনি আরও বলেন, বিগত ১৮০ দিনে সরকার কর্তৃক গৃহীত ও বাস্তবায়িত বিভিন্ন উদ্যোগ ও কর্মসূচি জনগণের কাছে প্রশংসিত হয়েছে। মন্ত্রী আরও বলেন, প্রধানমন্ত্রী ঘোষিত রূপরেখার আলোকেই প্রথম ১৮০ দিনে একাধিক প্রশংসনীয় উদ্যোগ ও জনকল্যাণমুখী কর্মসূচি গ্রহণ করা হয়েছে। তিনি বলেন, দায়িত্ব গ্রহণের পর থেকে সরকার একের পর এক বৈশ্বিক ও অভ্যন্তরীণ সংকটের মুখোমুখি হলেও তা অত্যন্ত দক্ষতা ও সফলতার সাথে মোকাবিলা করেছে।

কমেছে সবজির দাম, সরবরাহ

থাকলে সাধারণ মানুষের জন্য সবজি কেনা সহজ হবে। তবে ব্যবসায়ীরা যাতে ইচ্ছেমতো দাম নির্ধারণ করতে না পারেন, সেজন্য নিয়মিত বাজার মনিটরিং প্রয়োজন। আরেক ক্রেতা ফরিদ বলেন, কয়েক দিন আগেও কাঁচামরিচ ৩০০-৪০০ টাকা কেজি পর্যন্ত বিক্রি হয়েছে। এখন সেটি ৬০ টাকা। তখন বৃষ্টির কারণে সরবরাহ কম থাকার কথা বলা হয়েছে, আবার এখন বৃষ্টির কারণে বেচাকেনা কম বলে দাম কমানোর কথা বলা হচ্ছে। বিষয়টি খতিয়ে দেখা দরকার। বহুমুখী সিটি মার্কেটের পাইকারি সবজি ব্যবসায়ী শুভ বলেন, কয়েক দিনের বৃষ্টিতে সবজির সরবরাহ কম থাকায় দাম বেড়েছিল। এখন সরবরাহ বাড়ায় দাম কমেছে। তবে বৃষ্টির কারণে বাজারে বেচাকেনা কম হওয়ায় ব্যবসায়ীদেরও লোকসান গুনতে হচ্ছে। এদিকে নগরীর পোর্ট রোড পাইকারি মাছের বাজারে দেখা গেছে ভিন্ন চিত্র। সেখানে মাছের দাম বাড়ায় ক্রেতাদের মধ্যে দেখা দিয়েছে হতাশা। ব্যবসায়ীরা বলছেন, নদীর মাছের সরবরাহ কম থাকায় চাষের মাছের ওপর চাপ বেড়েছে। এতে চাহিদা বাড়ার পাশাপাশি দামও বেড়েছে। ব্যবসায়ীদের তথ্যমতে, সপ্তাহের ব্যবধানে আকার ও ধরনভেদে বিভিন্ন মাছের দাম কেজিতে ৫০ থেকে ১০০ টাকা পর্যন্ত বেড়েছে। এতে পছন্দের মাছ কিনতে গিয়ে বিপাকে পড়ছেন সাধারণ মানুষ। অনেক ক্রেতাকেই বেশি দামের মাছ বাদ দিয়ে তুলনামূলক কম দামের তেলাপিয়া ও পাঙ্গাশ কিনতে হচ্ছে। ক্রেতা সুলতান বলেন, এক কেজি চিংড়ি মাছ আগে ৫৫০-৬০০ টাকায় কিনেছেন। এখন একই মাছ ১ হাজার ৩০০ টাকা পর্যন্ত বিক্রি হচ্ছে। অন্যান্য মাছের দামও বেড়েছে। ফলে চাহিদা অনুযায়ী মাছ কিনতে না পেরে বাধ্য হয়ে তেলাপিয়া ও পাঙ্গাশ কিনতে হচ্ছে। অন্যদিকে কিছুটা স্বস্তি রয়েছে মুরগির বাজারে। বর্তমানে প্রতি কেজি ব্রয়লার মুরগি ১৬৫-১৭০ টাকা, লেয়ার ৩৬৫ টাকা এবং সোনালি মুরগি ২৯০ টাকা দরে বিক্রি হচ্ছে। তবে গরু ও খাসির মাংসের দাম অপরিবর্তিত রয়েছে।

বরিশালে ২ দিন ধরে

নদীবন্দর থেকে অভ্যন্তরীণ রুটের সব ধরনের লঞ্চ চলাচল স্বাভাবিক রয়েছে।

বরিশাল অঞ্চলে ৯ লাখ হেক্টরে আমন

কৃষিবিদদের মতে, হাইব্রিড ও উফশী জাতের আমন আবাদ বৃদ্ধি করতে পারলে উদ্বৃত্তের পরিমাণ বর্তমানের ১২ লাখ টন থেকে ২০ লাখ টনে উন্নীত করা সম্ভব। বর্তমানে স্থানীয় সনাতন জাতের পাশাপাশি বরিশালে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট-ব্রি উদ্ভাবিত ‘বিআর-২৩’ ও ‘ব্রি ধান-৫২’ জাতের ধান আবাদে অভ্যস্ত হলেও চলতি বছর পুরো দক্ষিণাঞ্চলে ‘ব্রি ধান ১০৯’ আবাদে ঝুঁকেছেন এ অঞ্চলের কৃষকগণ। বন্যা প্লাবন সহনশীল এ জাতের ধান ইতোমধ্যে পুরো দক্ষিণাঞ্চলজুড়ে পরিবেশ সহনশীল বলে প্রমাণিত হয়েছে। তবে আবহাওয়া এখনো দক্ষিণাঞ্চলের কৃষি ব্যবস্থার প্রধান নিয়ামক হয়ে আছে। টানা ১২৭ দিন পরে গত মার্চের ৯ তারিখে বরিশালে সামান্য বৃষ্টিপাতের পরে মাসজুড়েই ব্যাপক ঘাটতিতে বোরো ধানসহ বিভিন্ন রবি ফসল আবাদ বিঘ্নিত হয়। ফলে উৎপাদনেও বিরূপ প্রভাব ফেলে। কিন্তু এপ্রিলেই স্বাভাবিকের চেয়ে বেশি বৃষ্টিপাতের পরে মে ও জুন মাসজুড়েই বৃষ্টিপাতের ঘাটতি জনস্বাস্থ্যের সাথে কৃষি সেক্টরেও মারাত্মক ঝুঁকি তৈরি করে। আবার সদ্য সমাপ্ত জুলাই মাসজুড়ে বরিশাল অঞ্চলে বৃষ্টিপাতের পরিমাণ ছিল স্বাভাবিকের প্রায় ১৫ ভাগ বেশি। চলতি মাসে এ অঞ্চলে স্বাভাবিক, ৪০৭ মিলিমিটারের স্থলে ৩৮০-৪২০ মিলি বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়ে রেখেছে আবহাওয়া বিভাগ। তবে শেষ শ্রাবণের অমাবস্যায় ভর করে বৃষ্টিপাতের পরে মরা কটালে সৃষ্ট দুটি লঘুচাপ, সুস্পষ্ট লঘুচাপ থেকে নিম্নচাপে পরিণত হয়ে বরিশালের অদূরে উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরে অবস্থান করছে। এরই প্রভাবে বরিশাল অঞ্চলের সব নদ-নদীর পানি ইতোমধ্যে বিপৎসীমা ছুঁই ছুঁই করছে। বেশ কয়েকটি নদ-নদীর পানি বিপৎসীমা অতিক্রম করেছে। সাথে গত কয়েকদিনের অবিরাম বৃষ্টিতে আমন বীজতলাসহ রোপা আমনের ঝুঁকি বৃদ্ধি করছে। পানি উন্নয়ন বোর্ডের হাইড্রোলজি উপ-বিভাগ বরিশালের ১৮টি পয়েন্টের গেজ স্টেশনের মেঘনা, সুরমা, বলেশ্বর, বুড়িশ্বর, কঁচা, সন্ধ্যা, সুগন্ধা ও বিষখালী নদ-নদী সমূহের পানি বিপৎসীমার অতি নিকটে প্রবাহিত হচ্ছে বলে জানিয়েছে। ফলে আমন বীজতলার মতো রোপা আমন নিয়েও কৃষকের দুশ্চিন্তা ক্রমশ বাড়ছে। অপরদিকে গত কয়েক মাসের অনাবৃষ্টি ও অতিবর্ষণে আমন বীজতলার সাথে বিপুল পরিমাণ পাকা আউশ ধানের ক্ষতি হলেও কৃষকরা বসে থাকেননি। এমনকি বিরূপ প্রকৃতির বিরুদ্ধে লড়াই করেই প্রতি বছর বরিশাল অঞ্চলের কৃষিযোদ্ধাগণ আউশ, আমন ও বোরো ধান ছাড়াও প্রায় আড়াই লাখ টন গম ঘরে তুলছেন। বৃহত্তর দক্ষিণাঞ্চলে এখন প্রায় ১৫ লাখ টন খাদ্য উদ্বৃত্ত। তবে ঘূর্ণিঝড় ‘মহাশেন’ ‘আইলা’ ‘ইয়াস’ ‘অশনি’ ও ‘সিত্রাং’ এর মতো ভয়াবহ প্রাকৃতিক দুর্যোগের বিরুদ্ধে প্রতিনিয়ত লড়াই করেই বরিশাল কৃষি অঞ্চলের কৃষিযোদ্ধাগণ প্রতি বছরই খরিপ-১, খরিপ-২ ও রবি মৌসুমে প্রায় ৫০ লাখ টন দানাদার খাদ্য ফসল ঘরে তুলতে সক্ষম হচ্ছেন। এমনকি করোনা মহামারীতেও এ অঞ্চলের কৃষকগণ কোনো ধরনের প্রণোদনা না পেয়েও কৃষি অর্থনীতিতে বড় অবদান রাখতে সক্ষম হয়েছিলেন। চলতি খরিপ-২ মৌসুমে দেশে প্রায় ৫৮ লাখ হেক্টর জমিতে হাইব্রিড, উফশী ও স্থানীয় জাতের আমন আবাদের মাধ্যমে ১ কোটি ৭০ লাখ টন চাল পাবার লক্ষ্য স্থির করেছে কৃষি মন্ত্রণালয়। এর মধ্যে বরিশাল কৃষি অঞ্চলে প্রায় ৯ লাখ হেক্টরে অন্তত ২৪ লাখ টন চাল উৎপাদনের লক্ষ্যে মাঠে মাঠে কৃষকদের অক্লান্ত পরিশ্রম চোখে পড়ছে। তবে এত বিপুল পরিমাণ জমিতে আমন আবাদ হলেও এ অঞ্চলে এখনো হাইব্রিড ও উচ্চ ফলনশীল-উফশী জাতের ধান আবাদে খুব অগ্রগতি লাভ করেনি। চলতি মৌসুমেও বরিশাল অঞ্চলে ৮ লাখ ৭০ হাজার হেক্টরে আমন আবাদের লক্ষ্য স্থির করা হলেও তার মধ্যে হাইব্রিড জাতের আবাদ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে মাত্র সাড়ে ১৬ হাজার হেক্টরের মতো। আর উচ্চ ফলনশীল জাতের আমন আবাদ হচ্ছে সাড়ে প্রায় লাখ হেক্টরে। এমনকি কম উৎপাদনশীল স্থানীয় জাতের আমনের আবাদ হচ্ছে প্রায় আড়াই লাখ হেক্টরে। এখনো সারা দেশে কম উৎপাদনশীল সনাতন জাতের যে আমন ধানের আবাদ হচ্ছে, তার প্রায় ৬৫ ভাগই বরিশাল কৃষি অঞ্চলে। ফলে এ অঞ্চলের বিশাল কৃষি জমিতে আমন আবাদ হলেও উৎপাদন এখনো কাঙ্ক্ষিত মাত্রায় নয়। তবে এ লক্ষ্যে ডিএই এখনো ধান গবেষণা ইনস্টিটিউট-ব্রি উদ্ভাবিত উচ্চ ফলনশীল ও হাইব্রিড জাতের ধানের বীজ ও আবাদ প্রযুক্তি মাঠ পর্যায়ে কৃষকদের কাছে পৌঁছে দিতে পারেনি। সাধারণ কৃষকদের অভিযোগ, বেশীরভাগ ব্লক সুপারভাইজার এলাকায় আসেন না, এমনকি উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণও বিষয়টি তদারকি করেন না’ বলেও অভিযোগ কৃষকদের। তবে ডিএই’র বরিশাল কৃষি অঞ্চলের অতিরিক্ত পরিচালকের মতে, জনবলের ব্যাপক ঘাটতির মধ্যেও ব্লক সুপারভাইজারদের মাঠে পাঠানো হচ্ছে। তাদের কাজের জবাবদিহিতাও নিশ্চিত করার কথা জানান তিনি। প্রাকৃতিক কারণেই বরিশাল কৃষি অঞ্চলে হাইব্রিড ও উচ্চ ফলনশীল জাতের আমন বীজ রোপণ অনেক জমিতে সম্ভব হয় না বলে জানিয়ে তিনি বলেন, চেষ্টা করা হচ্ছে পর্যায়ক্রমে আরো বেশী জমিতে এসব জাতের আমন বীজ আবাদের। তবে হাইব্রিড ও উফশী জাতের বীজের আবাদ বৃদ্ধির মাধ্যমে বরিশাল অঞ্চলে আমনের উৎপাদন আরো বৃদ্ধির সুযোগ রয়েছে এমন দাবীর সাথেও একমত পোষণ করেছেন ডিএই’র দায়িত্বশীল মহল।

ভারী থেকে অতি

দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে। এছাড়া সারাদেশে দিনের তাপমাত্রা ১-২ ডিগ্রি সেলসিয়াস কমতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। মঙ্গলবার সন্ধ্যা ৬টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে এবং সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। বুধবার (১৯ আগস্ট) সন্ধ্যা ৬টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, ঢাকা, খুলনা, চট্টগ্রাম ও বরিশাল বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী বর্ষণ হতে পারে। সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে। বৃহস্পতিবার (২০ আগস্ট) সন্ধ্যা ৬টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে। সারাদেশে দিনের তাপমাত্রা বাড়তে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে। শুক্রবার (২১ আগস্ট) সন্ধ্যা ৬টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে। সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

বরিশালে থামছে না হামের

যাতে কোনো ধরনের ঘাটতি না থাকে, সে বিষয়ে হাসপাতালগুলোতে নজরদারি বাড়ানো হয়েছে। জানতে চাইলে বরিশাল বিভাগীয় স্বাস্থ্য দপ্তরের সহকারী পরিচালক ডা. আব্দুল মুনয়েম সাদ বলেন, হাম প্রতিরোধে নতুন কোন প্রস্তুতি নেই। হাম ক্যাম্পেইন চলমান রয়েছে। বাদ পড়া শিশুদের টিকার আওতায় আনা হচ্ছে। তিনি বলেন, হাম একটা সময় মহামারী আকার ধারণ করেছিলো। ইমিউনিটি কম শিশুরাই আক্রান্ত হয়েছে। টিকার মাধ্যমে শিশুদের ইমিউনিটি বাড়ানো হয়। টিকা দিলেই সঙ্গে সঙ্গে বাড়ে না। একটু অপেক্ষা করতে হবে। দ্রুত সময়ের মধ্যে হাম নিয়ন্ত্রণে আসবে।

ফজরের নামাজের সময়

আন্তরিক সম্পর্ক ছিল তাঁর। শান্ত ও নম্র স্বভাবের কারণে মুসল্লিদের কাছেও তিনি ছিলেন প্রিয়। এক প্রতিবেশী বলেন, ‘আতাউল্লাহ খুব ভালো ও শান্ত মানুষ ছিলেন। সবার সঙ্গে আন্তরিকভাবে কথা বলতেন। কখনো কারও সঙ্গে খারাপ আচরণ করতে দেখিনি। নিয়মিত নামাজ পড়তেন। তাঁর এমন আকস্মিক মৃত্যু মেনে নেওয়া কঠিন।’ আতাউল্লাহর মামাতো ভাই মহিবুল্লাহ বলেন, ‘আতাউল্লাহ তাঁর বাবার একমাত্র সন্তান ছিলেন। তাঁর দুটি ছোট সন্তান রয়েছে। পরিবারের জন্য তিনি ছিলেন খুবই গুরুত্বপূর্ণ। ছোট সন্তানদের রেখে এভাবে চলে যাওয়ায় স্বজনেরা খুব কষ্ট পেয়েছেন।’ পরিবার সূত্রে জানা গেছে, সোমবার জোহরের নামাজের পর শ্রীরামপুর বাজার মসজিদের সামনে আতাউল্লাহর প্রথম জানাজা অনুষ্ঠিত হবে। পরে আসরের নামাজের পর নিজ বাড়িতে তাঁর দ্বিতীয় জানাজা হওয়ার কথা রয়েছে।

শিক্ষকদের বদলি আবেদন শুরু

কমতে বা বাড়তে পারে। আবেদন যাচাই-বাছাইয়ের জন্য আরও ৫ দিন সময় দেওয়ার পরিকল্পনা রয়েছে। এরপর শিক্ষকদের বদলি করা হবে। শিক্ষকরা তিনটি এলাকার বাইরে বদলির জন্য আবেদন করতে পারবেন না। নির্ধারিত এলাকার বাইরে আবেদন করতে গেলে ‘আবেদন যোগ্য নন’ বলে নোটিফিকেশন দেখাবে সফটওয়্যার। মাউশি সূত্র জানায়, শিক্ষকদের বদলি নীতিমালা অনুযায়ী নিজ জেলা, স্বামী বা স্ত্রীর নিজ জেলা এবং স্বামী-স্ত্রীর কর্মস্থলের বাইরে অন্য কোথাও বদলি আবেদন করা যাবে না। এলাকাগুলোর বাইরে আবেদন নেবে না সফটওয়্যার। সফটওয়্যার সেভাবেই প্রস্তুত করা হয়েছে। মাউশির কর্মকর্তারা জানান, নিজ জেলা, স্বামী বা স্ত্রীর নিজ জেলা এবং স্বামী বা স্ত্রীর কর্মস্থলের বাইরে আবেদনের সুযোগ নেই। কেউ চাইলেও আবেদন করতে পারবেন না।

বঙ্গোপসাগরে ঝড়ের কবলে

রেজা জানান, সোমবার ভোর রাতে ধুলাসার ইউনিয়নের আশাখালী থেকে মাছ শিকারের উদ্দেশ্যে ১০ মাঝিমাল্লাসহ ট্রলারটি সমুদ্রের উদ্দেশ্যে ছেড়ে যায়। পায়রা বন্দর থেকে প্রায় ৩০ কিলোমিটার গভীর সমুদ্রে হাইরের চর এলাকায় পৌঁছালে হঠাৎ ঝড়ো বাতাস ও ঢেউয়ের তাণ্ডবে ট্রলারটি ডুবে যায়। এ সময় পার্শ্ববর্তী একটি ট্রলারের জেলেরা ৭ জেলেকে উদ্ধার করে নিয়ে আসে। ৩ জেলে নিখোঁজ ছিল। দুপুরের দিকে অপর একটি ট্রলারে ওই নিখোঁজ ৩ জেলেকে উদ্ধার করে। উদ্ধার হওয়া জেলেরা সুস্থ আছে। শামিম রেজা জানান, এতে তার প্রায় ২০ লাখ টাকার ক্ষয়ক্ষতি হলেও জেলেরা নিরাপদে ফিরে আসতে পেরেছে, এজন্য তিনি খুশি।

সরকারের প্রতি চরমোনাই

জাতীয় নির্বাচন ও এই সরকার দেশের ৫৫ বছরের গতানুগতিক কোনো নির্বাচন বা সরকার নয়। বরং স্বাধীনতার ৫৪ বছরে রাষ্ট্রের পরতে পরতে জমা জঞ্জাল দূর করার তীব্র আকাঙ্ক্ষায় জন্ম নেওয়া একটি গণঅভ্যুত্থানের প্রত্যাশা ও স্বপ্ন পূরণের দায়িত্ব নিয়ে এই সরকার গঠিত হয়েছে। পরিবর্তন ও প্রত্যাশার সেই রক্তস্নাত পটভূমি বিবেচনায় নিলে প্রত্যাশা ও প্রাপ্তির মধ্যে বিস্তর ফারাক দেখা যাচ্ছে। কষ্টের বিষয় হলো, আশার আলো ক্রমেই ফিকে হয়ে যাচ্ছে। তিনি বলেন, ১৫ বছরের ফ্যাসিস্ট শাসনের পর দায়িত্ব নেওয়া একটি সরকারের মূল্যায়নের জন্য ছয় মাস হয়তো যথেষ্ট সময় নয়, কিন্তু ছয় মাস সময় হিসেবে কমও নয়। সরকারের মেয়াদের এক-দশমাংশ সময় এরই মধ্যে পার হয়ে গেছে। এই সময়ে অনেক ক্ষেত্রে সফলতা হয়তো দেখা যাবে না, তবে সূচনা ও পদ্ধতি দেখা যায়। সেই বিবেচনায় বিশেষ করে সংস্কারের বিষয়ে সরকারের অবস্থান জাতির মধ্যে হতাশা তৈরি করেছে। চরমোনাই পীর বলেন, জুলাই সনদের ওপর অনুষ্ঠিত গণভোটকে কার্যত বাতিল করে দেওয়া হয়েছে। রাষ্ট্রকে স্বৈরাচারী হয়ে ওঠা থেকে রক্ষা করার জন্য জারি করা অধ্যাদেশগুলো বাতিল করা হয়েছে। বিকল্প হিসেবে কোনো কোনো ক্ষেত্রে নতুন করে যে আইন আনা হয়েছে, তাতে আগের সমস্যার কোনো সমাধান নেই। এগুলো জুলাইয়ে মাঠে নেমে আসা অরাজনৈতিক ছাত্র-জনতার প্রত্যাশার সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ। তিনি আরও বলেন, জনপ্রত্যাশাকে উপেক্ষা করার পরিণতি ভালো হয় না। আজকেই হয়তো মানুষ মাঠে নামবে না, কিন্তু রাজনৈতিক নেতৃত্বের প্রতি তারা আস্থা হারিয়ে ফেলবে। তবে সরকারের কিছু উদ্যোগ ও প্রচেষ্টার প্রশংসা করে ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির বলেন, কোনো কোনো ক্ষেত্রে সরকারের উদ্যোগ ও প্রচেষ্টা প্রশংসার যোগ্য। বিশেষ করে সরকারপ্রধানের দৃশ্যমান আচরণ ও ব্যতিব্যস্ততা ভালো কিছুর ইঙ্গিত দেয়। সরকারের অন্যদের কাছ থেকেও একই রকম ভূমিকা আশা করেন তারা। সরকারের প্রতি দেওয়া ছয় পরামর্শের বিষয়ে চরমোনাই পীর বলেন, জুলাই সনদ ও জুলাই গণভোট বাস্তবায়ন করুন। দুর্নীতির লাগাম টেনে ধরুন। নিত্যদিনের প্রয়োজনীয় জিনিসপত্রের দাম কমানোর ব্যবস্থা করুন। গণহারে দলীয়করণ করবেন না। ফ্যাসিবাদের সঙ্গে জড়িতদের শাস্তির আওতায় আনুন। পাচার করা টাকা উদ্ধারে অগ্রগতি দৃশ্যমান করুন। বিবৃতির শেষাংশে তিনি বলেন, ‘আমরাও চাই এই সরকার সফল হোক।’

ভাণ্ডারিয়ায় মাদ্রাসার শিক্ষকদের সাথে প্রশাসনের মতবিনিময় সভা

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়ায় সোমবার বিকালে উপজেলা প্রশাসনের উদ্যোগে উপজেলা অডিটরিয়ামে সদ্য প্রকাশিত এসএসসি ও সমমানের ফলাফল প্রকাশে ‘মাদ্রাসার (দাখিলে) পাঁচটি মাদ্রাসার কেউ পাস না করায় এবং অন্যান্য মাদ্রাসার ফলাফল বিপর্যয়ের কারন-অনুসন্ধান ও পরবর্তী করনীয় বিষয় নিয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. হাসিবুল হাসান এর সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন,উপজেলা সহকারী কমিশনার (ভূমি) উজ্জ্বল হালদার,মাধ্যমিক শিক্ষাকর্মকর্তা মো. জাহাঙ্গীর আলম, মাদ্রাসার সুপার ও অধ্যক্ষের মধ্যে মো. আব্দুল্লাহ মাহম্মুদ,মাওলানা আব্দুর রহীম,মাওলানা মো.রুহুল আমীন,মাওলানা মোফাজ্জেল হোসেন,মাওলানা নুরজামান,মাওলানা মোশারেফ হোসেন ও ইত্তেফাকের সাংবাদিক শঙ্কর জীৎ সমদ্দার প্রমূখ। সভায় শিক্ষার্থীরা নিয়মিত ক্লাস না করা, পড়া লেখার থেকে মোবাইলের প্রতি আসক্তি,সহপাঠিদের সাথে অবাধ আড্ডায় অভিভাবকদের তদারকির অভাব ,প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্টদের আন্তরিকতার অভাবসহ একাধিক কারন ফলাফল বিপর্যয়ের কারন বলে সভায় উপাস্থপন করা হয়। এসকল প্রতিবন্ধকতা নিরশন করে লেখা পড়ার সুষ্ঠ পরিবেশ তৈরিতে শিক্ষকরা ক্লাসে এবং শিক্ষার্থীরা পড়ার টেবিলে ফিরে আসতে হবে। আর সকল বিষয়ে শিক্ষক,শিক্ষার্থী অভিভাবকদের সমন্বয়ে নকলমুক্ত পরিবেশে পরবর্থীতে যদি কোন শিক্ষা প্রতিষ্ঠানের ফলাফল আশানুরূপ না হয় তা হলে তাদের এমপিও বাতিলের জন্য প্রশাসন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গ্রহন করা হয়। এসময় উপজেলা সকল মাদ্রাসার সুপার এবং অধ্যক্ষগণ উপস্থিত ছিলেন।

২৭ বছর পর কারাগার থেকে মুক্তি, ভোলার সেই আলোচিত কালু ফিরছেন স্বজনদের কাছে

ভোলা প্রতিনিধি

২৭ বছর মানুষের জীবনের প্রায় তিন দশক! এই দীর্ঘ সময় কারাগারে কাটিয়ে অবশেষে মুক্ত জীবনে ফিরেছেন ভোলার আলোচিত দুলাল হত্যা মামলার আসামি কালু। দীর্ঘ অপেক্ষার পর প্রিয় মানুষকে কাছে পেয়ে আবেগাপ্লুত তাঁর পরিবার ও স্বজনরা। ভোলার সদর উপজেলার রাজাপুর ইউনিয়নের শান্তির হাট। প্রায় তিন দশক আগে এই এলাকায় ঘটে যাওয়া একটি হত্যাকাণ্ডের ঘটনায় কারাগারে যেতে হয়েছিল কালুকে। সোমবার বেলা ১১টার দিকে দীর্ঘ ২৭ বছর কারাভোগের পর ভোলা জেলা কারাগার থেকে মুক্তি পান তিনি। কালুর মুক্তির খবরে স্বজনদের মধ্যে দেখা দেয় আনন্দ ও স্বস্তি। দীর্ঘ অপেক্ষার পর পরিবারের সদস্যদের কাছে ফিরে আবেগঘন এক মুহূর্তের সাক্ষী হন তিনি। মামলার নথি ও সংশ্লিষ্টদের তথ্য অনুযায়ী, ২০০০ সালের দিকে শান্তির হাট বাজার এলাকায় ঘর উত্তোলনকে কেন্দ্র করে কালু ও দুলাল পক্ষের মধ্যে বিরোধ ও সংঘর্ষের ঘটনা ঘটে। একপর্যায়ে গুলির ঘটনায় দুলাল নিহত হন। ঘটনার পর কালু ও তাঁর সহযোগী শাহাবুদ্দিনকে গ্রেপ্তার করা হয়। দীর্ঘ বিচারিক প্রক্রিয়া শেষে আদালত তাঁদের যাবজ্জীবন কারাদণ্ড দেন। এরপর কেটে যায় বছরের পর বছর। আইন ও কারাবিধি অনুযায়ী সাজা ভোগ, রেয়াতসহ প্রয়োজনীয় প্রক্রিয়া শেষে অবশেষে মুক্তি পেলেন কালু। প্রায় তিন দশক পর কারাগারের বাইরে এসে এখন পরিবারের সঙ্গে নতুন করে জীবন শুরু করার সুযোগ পেয়েছেন তিনি। ২৭ বছরের দীর্ঘ কারাবাস শেষে কালুর এই ফিরে আসা শুধু একটি পরিবারের অপেক্ষার অবসান নয়, এটি দীর্ঘ সময় পর নতুনভাবে জীবন শুরু করারও এক অধ্যায়। এখন পরিবারের সঙ্গে শান্তিপূর্ণভাবে নতুন পথচলাই তাঁর সামনে সবচেয়ে বড় বাস্তবতা।

লালমোহনে অবৈধভাবে বালু উত্তোলন, ড্রেজারসহ ৪ জন আটক

লালমোহন প্রতিনিধি

ভোলার লালমোহনে অবৈধভাবে বালু উত্তোলনের সময় একটি ড্রেজারসহ চারজনকে আটক করেছে বাংলাদেশ কোস্ট গার্ড। রোববার (১৬ আগস্ট) দুপুর ৩টা থেকে বিকেল ৫টা পর্যন্ত লালমোহন থানাধীন ধলীগৌর নগর নতুন সুইচগেট সংলগ্ন মেঘনা নদীতে গোপন সংবাদের ভিত্তিতে বিশেষ অভিযান পরিচালনা করে কোস্ট গার্ড আউটপোস্ট লালমোহন। অভিযানকালে অবৈধভাবে বালু উত্তোলনরত অবস্থায় একটি ড্রেজারসহ চারজনকে আটক করা হয়। পরে লালমোহনের সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে পরিচালিত ভ্রাম্যমাণ আদালতে তাদের মোট ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। জরিমানার অর্থ রাষ্ট্রীয় কোষাগারে জমা দেওয়া হয়েছে। আটক ব্যক্তিরা হলেনড়্পিরোজপুর সদর উপজেলার সংকরপাশা গ্রামের রাজিব, ভোলার দোলারহাট এলাকার আব্দুল খালেক, লালমোহনের ধলীগৌর নগর এলাকার আকবর এবং বরিশালের উজিরপুর উপজেলার দক্ষিণ শিকারপুর গ্রামের রাজু। পরে মুচলেকা নিয়ে তাদের ড্রেজারসহ ছেড়ে দেওয়া হয়। বাংলাদেশ কোস্ট গার্ড দক্ষিণ জোনের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট মো. সালমান বিন শওকত জানান, নদীতীরবর্তী মানুষের ফসলি জমি ও বসতভিটা অবৈধভাবে বালু উত্তোলনের ক্ষতি থেকে রক্ষায় এ ধরনের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

সুখবর পেলেন ছাত্রদলের

মাধ্যমে ছাত্র রাজনীতি শুরু করেন জাফর ইকবাল। এরপর ১৯৯৬-২০০১ সাল পর্যন্ত উপজেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক, ২০০২-২০০৮ পর্যন্ত টানা দুই মেয়াদে উপজেলা ছাত্রদলের সভাপতির দায়িত্ব পালন করেন। ২০০৩-২০০৮ পর্যন্ত বরিশাল জেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেন। অপরদিকে কেএম আনোয়ার হোসেন বাদল সরকারি গৌরনদী কলেজ ছাত্রদলের সাধারণ সম্পাদক, সভাপতি এবং ২০০৫ সালে ভিপি হিসেবে দায়িত্বপালন করেছেন। রাজনীতির দীর্ঘ লড়াই ও সংগ্রাম পেরিয়ে সাবেক এই দুই নেতা উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক হিসেবে পদায়ন পেয়েছেন। পদ পাওয়া দুই নেতা জানান, ছাত্র রাজনীতি সমাপ্ত করে আমরা এতদিন উপজেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ছিলাম। আমাদের নতুন দায়িত্ব দেওয়া হয়েছে। দলীয় শৃঙ্খলা রক্ষা ও সাংগঠনিক গতিশীলতা বৃদ্ধি করতে আমাদের দীর্ঘদিনের মাঠ পর্যায়ের অভিজ্ঞতা কাজে লাগিয়ে দলকে সামনের দিকে এগিয়ে নেওয়ার চেষ্টা করব।

রাজাপুরে অবৈধ পলিথিন ও জাল

পলিথিন, ৫০টি চায়না দুয়ারি জাল ও ৪৪ কেজি কারেন্ট জাল জব্দ করা হয়। এর মধ্যে পলিথিনের আনুমানিক মূল্য ২৯ হাজার টাকা এবং বিভিন্ন ধরনের জালের মূল্য প্রায় ৪ লাখ ১৯ হাজার টাকা। উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. শামীম রেজা সজিবের নেতৃত্বে পরিচালিত অভিযানে পরিবেশ অধিদপ্তরের ঝালকাঠির সহকারী কমিশনার আঞ্জুমান নেছা, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা গৌতম মণ্ডলসহ থানা পুলিশের সদস্যরা উপস্থিত ছিলেন। উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. শামীম রেজা সজিব বলেন, জব্দ করা ১৪৫ কেজি অবৈধ পলিথিন পরিবেশ অধিদপ্তরের জিম্মায় এবং বিভিন্ন ধরনের জাল মৎস্য অধিদপ্তরের জিম্মায় দেওয়া হয়েছে। পরে এগুলো ধ্বংস করা হবে। এ ঘটনায় দোকান মালিককে ৫০০ টাকা জরিমানা করা হয়েছে।

বাউফলে ঋণ দেয়ার কথা বলে

১৬ আগষ্ট বিকেল ৩ টায় নির্ধারিত করে সকল গ্রাহককে বাউফল অফিসে আসতে বলা হয়। ভুক্তভোগীরা ঋণ নেওয়ার জন্য অফিসে এসে দেখে অফিস খোলা কিন্ত কোন কর্মকর্তা নেই। ডেকোরেটার থেকে ভাড়া করা এনে কয়টি চেয়ার-টেবিল দেখতে পান। অফিসে কোন লোকজন না দেখে ভুক্তভোগীদের সন্দেহ হয়। পরে এ বিষয় নিয়ে জানাজানি হলে খবর পেয়ে বিভিন্ন এলাকা থেকে লোকজন এসে জড়ো হয়। বিষয়টি থানা কর্তৃপক্ষর নজরে আনেন বলে জানান। ভুক্তভোগী আজিজ বলেন,সমাজ কল্যাণ উন্নয়ন সংস্থা নামে একজন মাঠকর্মী চার লাখ টাকা ঋণ দেওয়ার কথা বলে আমার কাছ থেকে দুই নামে ৩৭ হাজার টাকা নিয়েছে। এই ভাবে প্রায় ১শত লোকের কাছ থেকে ১০ হাজার টাকা থেকে শুরু করে ৫০ হাজার টাকা নিয়েছে। তাতে আনুমানিক ১৫ লাখের বেশী হবে। ভুক্তভোগীদের দাবি,তাদের কাছ থেকে নেওয়া অর্থের পরিমাণ ১৫ লাখ টাকার বেশী। এখন তারা জমাকৃত টাকা ফেরত পাওয়ার পাশাপাশি ঘটনার সুষ্ঠ তদন্ত ও দায়ীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার প্রশাসনের কাছে দাবি জানিয়েছেন। জালাল প্লাজার মালিক জালার চৌকিদার বলেন, সংস্থাটির লোকজন তার কাছে কাজ পরিচালনার কথা বলে অফিস ভাড়া নিয়েছিলেন। ওই দিন বিকেল বেলা তাদের সঙ্গে অফিস ভারার চুক্তি সম্পন্ন করার কথা ছিল । তারা সাধারণ মানুষের কাছ থেকে টাকা সংগ্রহ করে এভাবে চলে যাবে-এবিষয়ে তিনি কিছুই জানতেন না। এর আগে একই প্লাজায় কয়েক বছর ধরে 'আশা নামে একটি এনজিও অফিস ভাড়া নিয়ে কার্যক্রম পরিচালনা করেছে বলেও জানান তিনি। এবিষয়ে উপজেলা এনজিও সমন্বয়কারী ও আরডিএস পরিচালক আব্দুল খালেক বলেন,"সমাজ কল্যাণ উন্নয়ন সংস্থা নামে কোন এনজিও বাউফলে কার্যক্রম পরিচালনা করছে,এমন তথ্য তার জানা নেই। উপজেলা জিও-এনজিও সমন্বয় সভাতেও তাদের কোন প্রতিনিধিকে দেখা যায় না।" এবিষয় বাউফল থানার অফিসার ইনচার্জ (ওসি) সিরাজুল ইসলাম বলেন,"এঘটনায় অভিযোগ পেয়েছি। বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।"

এক একর জমির ফলদ ও বনজ

বেশ কয়েক বছর কাশেম মাতবর গ্রুপ চুপ ছিল। গত ১৫ আগস্ট হঠাৎ করে ভারাটিয়া সন্ত্রাসী নিয়ে কাশেম মাতবর গ্রুপ আমাদের জমির শতশত গাছ কেটে নিয়েছে। তা ছাড়া ৪০ শতাংশ জমির প্রায় এক দেড় হাজার কলাগাছ কেটে মাটির সাথে মিশিয়ে দিয়েছে। এতে প্রায় ৫ লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে।

আলোশিখার বাউন্ডারী ভিতর

নিয়ে যাচ্ছে এ বিষয় নিয়ে আগৈলঝাড়া থানায় কয়েকবার অভিযোগ করা হয়েছে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেন এবং চোর সনাক্তর লক্ষ্যে কাজ করে যাচ্ছেন পুলিশ, তবে যতই দিন যাচ্ছে ততোই চুরির হিড়িক বেড়ে চলেছে এছাড়াও রাজিহার ইউনিয়নের মাদ্রাসা সহ বিভিন্ন জায়গায় থেকে বৈদ্যুতিক মালামাল চুরি হয়েছে বলে জানা যায় তবে এ চুরি উপজেলার বিভিন্ন স্থানে হয়ে যাচ্ছে বলে খবর পাওয়া যাচ্ছে তবে আলোশিখার সমাজ উন্নয়ন কেন্দ্রের নির্বাহী পরিচালক জেমস মৃদুল হালদার জানান আমার উক্ত প্রতিষ্ঠান থেকে যে হারে চোরেরা বৈদ্যুতিক তার সহ মালামাল নিয়ে যাচ্ছেন বর্তমানে প্রতিষ্ঠানটি ক্ষতিসাধন হয়েছে তবে আমি প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাদের সহায়তা কামনা করছি।

৩০ বছর আত্মগোপনে থাকা

এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে। র‍্যাব-৮ বরিশাল সদর কোম্পানি কমান্ডার লেফটেন্যান্ট কমান্ডার মো. শাহরিয়ার রিফাত বলেন, 'সাজাপ্রাপ্ত আসামি ফারুক মোল্লাকে ঢাকা থেকে গ্রেফতার করা হয়েছে পরবর্তী আইনি প্রক্রিয়া শেষে তাকে বাকেরগঞ্জ থানায় হস্তান্তর করা হবে।'

ডিসি অফিসে ছাত্রলীগ নেতার

পদে দায়িত্ব পালন করেছেন। এছাড়া তার বাবা মো. আঃ গনি হাওলাদার ৬ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি। ফলে ২০২৪ সালের গণঅভ্যুত্থানের পর নিষিদ্ধ ছাত্রলীগের রাজনীতির সঙ্গে সম্পৃক্ত একজন ব্যক্তি কীভাবে জেলা প্রশাসকের কার্যালয়ে সরকারি চাকরিতে নিয়োগের জন্য চূড়ান্তভাবে সুপারিশপ্রাপ্ত হলেন, তা নিয়ে প্রশ্ন তোলেন তারা। বক্তারা বলেন, মো. শফিকুল ইসলাম ছাত্রলীগের রাজনীতির সঙ্গে সম্পৃক্ত ছিলেন এবং ইউনিয়ন ছাত্রলীগের পদে থাকাকালে বিভিন্ন অনিয়ম ও সাধারণ মানুষের ওপর নিপীড়ন-নির্যাতনের সঙ্গে জড়িত ছিলেন বলে অভিযোগ রয়েছে। এমন একজন ব্যক্তির সরকারি চাকরিতে নিয়োগ হলে তা ২০২৪ সালের গণঅভ্যুত্থানে অংশ নেওয়া ছাত্র-জনতার সঙ্গে বেইমানি হবে। তারা আরও বলেন, নিষিদ্ধ ছাত্রলীগের রাজনীতির সঙ্গে সম্পৃক্ত কোনো ব্যক্তির যেন সরকারি চাকরিতে নিয়োগ না হয়, সে বিষয়ে যথাযথ যাচাই-বাছাই করা প্রয়োজন। একই সঙ্গে মো. শফিকুল ইসলামের নিয়োগ বাতিলের দাবি জানান তারা।

ছাগলের পা বেঁধে খালে ফেলে

খালে চার পা বাঁধা অবস্থায় ছাগলগুলোকে ভাসতে দেখেন। পরে সেখান থেকে উদ্ধার করা হলে দেখা যায় দুটি ছাগল মারা গেছে এবং অপরটি মুমূর্ষু অবস্থায় রয়েছে। কান্নাজড়িত কণ্ঠে সেলিম হাওলাদার বলেন, 'আমি গরিব মানুষ, এই ছাগলগুলোই ছিল আমার একমাত্র সম্বল। চারটি সুপারি চারা খাওয়ায় আমার ছাগলগুলোকে এভাবে পা বেঁধে খালে ফেলে দেওয়া হলো। প্রতিবাদ করায় উল্টো আমাকেও ছাগলের মতো অবস্থা করার হুমকি দেওয়া হয়েছে।' স্থানীয় গ্রাম পুলিশ মো. শাহাদাৎ বলেন, সেলিম খুবই দরিদ্র মানুষ। তাঁর তিনটি ছাগল ছিল। ছাগলগুলো সুনীলের চারটি সুপারি চারা খাওয়ায় ক্ষিপ্ত হয়ে পা বেঁধে খালে ফেলে দেওয়া হয়েছে বলে তিনি শুনেছেন। এতে দুইটি ছাগল মারা গেছে এবং অপরটিও মৃতপ্রায়। স্থানীয় ইউপি সদস্য রুবেল গাজী বলেন, সেলিম হাওলাদার অত্যন্ত গরিব। তাঁর তিনটি ছাগল ছিল। সুপারি চারা নষ্ট করার অভিযোগে ছাগলগুলোর পা বেঁধে খালে ফেলে দেওয়া হয়েছে। এতে দুটি ছাগল মারা গেছে এবং অপরটি মৃতপ্রায়। তবে ছাগল হত্যার অভিযোগ অস্বীকার করেছেন সুনীল হালদার। তিনি বলেন, 'ছাগলগুলো আমার সুপারি চারা খেয়েছে। আমি ছাগল তাড়িয়ে দিয়েছি। আমি মারিনি।' নেছারাবাদ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মেহেদী হাসান বলেন, 'এ বিষয়ে থানায় একটি লিখিত অভিযোগ পাওয়া গেছে। তদন্ত সাপেক্ষে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।'

নদীতে নিখোঁজের ৩২ ঘণ্টা

উপজেলার নরহা গ্রামে। ঢাকা থেকে বরগুনায় ভাড়াটিয়ার বাড়িতে বেড়াতে এসেছিল জুঁই ও তার মা। স্থানীয় ও স্বজনদের সূত্রে জানা যায়, ঢাকার মিরপুরে জুঁইদের বাড়িতে দীর্ঘ দিন ধরে ভাড়া থাকেন জীবন মাহমুদ মাহফুজ নামের এক ব্যক্তি। সেই সূত্রে জুঁই, তার মা তাসলিমা বেগম এবং বান্ধবী মরিয়াম ইসলাম রিয়া বরগুনায় মাহফুজের গ্রামের বাড়িতে বেড়াতে আসেন। রোববার সকালে পৌঁছানোর পর তারা তাড়াহুড়া করে পাশেই পায়রা নদীর পাড়ে যান। একপর্যায়ে দুই বান্ধবী জড়াজড়ি করে নদীতে পড়ে গেলে রিয়া পাড়ে উঠতে পারলেও সাঁতার না জানা জুঁই জোয়ারের তোড়ে গভীর পানিতে তলিয়ে যায়। খবর পেয়ে রোববার থেকেই বরগুনা ফায়ার সার্ভিস ও স্থানীয় থানা পুলিশ যৌথভাবে উদ্ধার অভিযান শুরু করে। একদিন পর সোমবার বিকেলে সাগর মোহনার তেতুলবাড়িয়া চরে জুঁইয়ের ভাসমান মরদেহ উদ্ধার করা হয়। জুঁইয়ের মা তাসলিমা বেগম বলেন, তাদের বাড়িতে ভাড়া থাকেন জীবন মাহমুদ মাহফুজ। সেই সূত্রেই মাহফুজদের গ্রামের বাড়ি বরগুনাতে তিনি মেয়ে এবং মেয়ের বান্ধবীকে নিয়ে বেড়াতে আসেন। ভাড়াটিয়া জীবন মাহমুদ মাহফুজ বলেন, নিখোঁজ জুঁইয়ের মা ডাবের ব্যবসা করেন। মিরপুরে তাদের বাড়িতে দীর্ঘ দিন ধরে তিনি ভাড়া থাকেন। সেই সুবাদে তারা তাদের গ্রামের বাড়িতে বেড়াতে আসেন। ঘটনার কিছুক্ষণ আগে জুঁই এবং তার বান্ধবীকে বারবার নিষেধ করা সত্ত্বেও নদীর পাড়ে যায়। তারা সাঁতার না জানায় এমন দুর্ঘটনার শিকার হয়েছে বলে তিনি জানান।

টানা বৃষ্টিতে আড়িয়াল খাঁ'র

ফসলি জমি ও গুরুত্বপূর্ণ স্থাপনা। রহমতপুর ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য জামাল হোসেন পুতুল বলেন, রোববার সন্ধ্যায় চোখের পলকে আড়িয়াল খাঁ নদে লোহালিয়া গ্রামের ১০টি বসতভিটা, ঘরবাড়ি ও সড়কের অংশ বিলীন হয়ে গেছে। একদিনে নদীভাঙনে মোহাম্মদ কলম সরদার, আজহার মোল্লা, মতলব হাওলাদার, হাকিম হাওলাদার, মোহাম্মদ হাসিব, সুফিয়া বেগম, কালাম সরদার ও সামসু হাওলাদারসহ অনেকের ঘরবাড়ি ও ফসলি জমি নদীগর্ভে চলে গেছে। বরিশাল পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী জাবেদ ইকবাল জানান, আকস্মিকভাবে পানি বেড়ে যাওয়ায় আড়িয়াল খাঁ নদে ভাঙন দেখা দিয়েছে। বেশ কিছু ঘরবাড়ি ভেঙে গেছে। ভাঙন রোধে এসব এলাকায় দ্রুত কাজ করা হবে।

ভাণ্ডারিয়ার প্রধান শিক্ষকের

অভিযোগকারী ও ভুক্তভোগী শিক্ষকদের সঙ্গে কথা বলেন এবং অভিযোগের বিভিন্ন তথ্য-উপাত্ত ও সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা করেন। তদন্তকালে শিক্ষকেরা প্রধান শিক্ষকের বিরুদ্ধে আর্থিক অনিয়ম, ক্ষমতার অপব্যবহার, মানসিক হয়রানি এবং প্রশাসনিক স্বেচ্ছাচারিতার নানা অভিযোগ তুলে ধরেন। বিদ্যালয়ের নারী শিক্ষক সেলিনা আক্তার অভিযোগ করেন, প্রধান শিক্ষক তাকে প্রকাশ্যে পোশাক নিয়ে কটূক্তি করার পাশাপাশি বিভিন্নভাবে মানসিক হয়রানি করে আসছেন। একই সঙ্গে তার অভ্যন্তরীণ বেতন বন্ধ রাখার অভিযোগও করেন তিনি। এসব কারণে দীর্ঘদিন ধরে তিনি মানসিক কষ্টে রয়েছেন বলে অভিযোগে উল্লেখ করা হয়েছে। শিক্ষকদের অভিযোগ, বিদ্যালয়ের আয়-ব্যয়ের সঠিক হিসাব সংরক্ষণ করা হয় না। ২০২৫ সালের ফেব্রুয়ারি থেকে জুন পর্যন্ত রশিদ ও যথাযথ ভাউচার ছাড়াই বিদ্যালয়ের বিপুল পরিমাণ অর্থ উত্তোলন করা হয়েছে। ওই অর্থ কোথায় এবং কীভাবে ব্যয় হয়েছে, তার যথাযথ হিসাবও উপস্থাপন করা হয়নি বলে অভিযোগ করেছেন শিক্ষকরা। এছাড়া সহকারী শিক্ষকদের ভয়ভীতি দেখিয়ে বিভিন্ন ভাউচারে স্বাক্ষর নেওয়ার অভিযোগ রয়েছে। কোনো শিক্ষক স্বাক্ষর করতে অস্বীকৃতি জানালে তাকে প্রশাসনিক কাজে বাধা দেওয়ার অভিযোগে অভিযুক্ত করা এবং সামাজিকভাবে অপপ্রচার চালানোর অভিযোগও করেছেন তারা। অভিযোগে আরও বলা হয়, বিদ্যালয়ের নিয়ম-নীতির তোয়াক্কা না করে মনগড়া রেজোলিউশন ও বিভিন্ন নথিপত্র তৈরি করে শিক্ষকদের হয়রানি করা হয়েছে। শিক্ষক শ্যামল কৃষ্ণ হাওলাদারের কাছ থেকে ৫০ হাজার টাকা নেওয়া হলেও দীর্ঘদিনেও তা ফেরত দেওয়া হয়নি বলে অভিযোগ করা হয়েছে। একইভাবে সহকারী প্রধান শিক্ষক হামিদা বেগমের কাছ থেকেও হুমকি-ধামকি দিয়ে ৫০ হাজার টাকা নেওয়ার অভিযোগ রয়েছে। শিক্ষকদের অভিযোগ, পরবর্তীতে বিদ্যালয়ের সাবেক সভাপতি মো. শাহ আলমের স্বাক্ষর জাল করে সহকারী প্রধান শিক্ষক হামিদা বেগমের বিরুদ্ধে মিথ্যা মামলা দেওয়া হয়। ওই মামলার পর তাকে সাময়িক বরখাস্ত করে প্রায় পাঁচ মাস ধরে বিদ্যালয়ের কার্যক্রম থেকে দূরে রাখা এবং বেতন-ভাতা বন্ধ রাখার অভিযোগও করেছেন তারা। সাময়িক বরখাস্ত ও পুনর্বহালের সুযোগ দেখিয়ে অর্থ দাবি করার অভিযোগও রয়েছে। অভিযোগকারীদের দাবি, ফারজানা আক্তার নিপা নামের একজনকে নিয়মবহির্ভূতভাবে প্যারা-টিচার হিসেবে নিয়োগ দিয়ে তার মাধ্যমে বিদ্যালয়ের ছাত্রীদের প্রাইভেট ও কোচিং পড়তে বাধ্য করা হয়েছে। ওই কোচিং কার্যক্রম থেকে প্রধান শিক্ষক নির্দিষ্ট অংশ কমিশন হিসেবে গ্রহণ করতেন বলেও অভিযোগে উল্লেখ করা হয়েছে। এদিকে ২০২৩ সালে বিদ্যালয়ের সাবেক সভাপতি লিয়াকত আলী তালুকদারের করা একটি মামলায় প্রধান শিক্ষকের বিরুদ্ধে অর্থ আত্মসাতের অভিযোগের তদন্তভার পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনের (পিবিআই) ওপর দেওয়া হয়েছিল। তদন্ত শেষে অর্থ আত্মসাতের বিষয়টি প্রমাণিত হয়েছে বলে দাবি করেছেন অভিযোগকারী শিক্ষকরা। তবে এ সংক্রান্ত নথি ও তদন্ত প্রতিবেদনের সত্যতা অধিকতর তদন্তে যাচাই করা হবে। বিদ্যালয়ের টিউশন ফি ও বিভিন্ন তহবিলের অর্থ নিয়েও অভিযোগ করেছেন শিক্ষকরা। তাদের দাবি, প্রতিদিন শিক্ষার্থী ও অন্যান্য উৎস থেকে বিদ্যালয়ে জমা হওয়া টিউশন ফি ও বিভিন্ন তহবিলের অর্থ প্রধান শিক্ষক নিজ বাসায় নিয়ে যান। পরে নিজের সুবিধামতো ভাউচার তৈরি করে সহকারী শিক্ষকদের দিয়ে তাতে স্বাক্ষর নেওয়া হয়। স্বাক্ষর করতে অস্বীকৃতি জানালে অভ্যন্তরীণ বেতন বন্ধ করে দেওয়ার অভিযোগও রয়েছে। বিদ্যালয়ের অর্থ যৌথ ব্যাংক হিসাবে না রেখে প্রধান শিক্ষক নিজের একক নামে অ্যাকাউন্ট খুলে অর্থ উত্তোলন করেছেন বলেও অভিযোগ করা হয়েছে। ওই অ্যাকাউন্টে বিদ্যালয়ের অর্থ জমা ও উত্তোলনের বিষয় এবং অর্থ ব্যয়ের হিসাব শিক্ষক ও অভিভাবকদের জানানো হয়নি বলে অভিযোগকারীরা দাবি করেছেন। এসএসসি পরীক্ষার্থীদের ফরম পূরণ নিয়েও অভিযোগ রয়েছে। অভিযোগপত্রে বলা হয়েছে, টেস্ট পরীক্ষায় পাঁচ, ছয় বা সাত বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীদের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়ার কথা বলে প্রত্যেকের কাছ থেকে ৫ হাজার থেকে ১০ হাজার টাকা পর্যন্ত নেওয়া হয়েছে। বিদ্যালয় থেকে শিক্ষার্থীদের টিসি বা ছাড়পত্র দেওয়ার ক্ষেত্রেও ২ হাজার ৫০০ থেকে ৫ হাজার টাকা পর্যন্ত অর্থ দাবি ও আদায়ের অভিযোগ রয়েছে। এছাড়া এসএসসি পরীক্ষার্থীদের কোচিং করানোর নামে শিক্ষার্থীদের কাছ থেকে লাখ লাখ টাকা আদায়ের অভিযোগ করেছেন শিক্ষকরা। তাদের দাবি, কোচিং কার্যক্রমে যুক্ত সহকারী শিক্ষকদের প্রাপ্য অর্থ পরিশোধ না করে পুরো অর্থের ব্যবস্থাপনা প্রধান শিক্ষক নিজেই করেছেন। বিদ্যালয়ের সংস্কার, প্রচার ও অন্যান্য কাজের কথা বলে শিক্ষকদের কাছ থেকেও বিভিন্ন সময় অর্থ নেওয়ার অভিযোগ রয়েছে। এসব অর্থের যথাযথ হিসাব বা ব্যবহার দেখানো হয়নি বলে অভিযোগকারীরা দাবি করেছেন। পাশাপাশি তুচ্ছ বিষয়কে কেন্দ্র করে সহকারী শিক্ষকদের কারণ দর্শানোর নোটিশ বা শোকজের ভয় দেখিয়ে অর্থ আদায়ের অভিযোগও করা হয়েছে। শিক্ষকদের অভিযোগ, এসব অনিয়ম ও স্বেচ্ছাচারী কর্মকাণ্ডের কারণে বিদ্যালয়ের স্বাভাবিক প্রশাসনিক কার্যক্রম ও শিক্ষার পরিবেশ ব্যাহত হচ্ছে। একাধিক শিক্ষক দীর্ঘদিন ধরে মানসিক চাপের মধ্যে দায়িত্ব পালন করছেন বলেও অভিযোগে উল্লেখ করা হয়েছে। প্রধান শিক্ষক মো. মজিবুর রহমান তদন্তকালে তার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগগুলোর বিষয়ে সন্তোষজনক ব্যাখ্যা দিতে এবং সংশ্লিষ্ট নথিপত্র উপস্থাপন করতে পারেননি বলে জানা গেছে। এ সময় তিনি জানান, অভিযোগগুলোর প্রকৃত সত্যতা প্রশাসনিক তদন্ত ও সংশ্লিষ্ট নথিপত্র যাচাই-বাছাইয়ের মাধ্যমে নির্ধারিত হবে। তবে এসকল অভিয়োগ সত্য নয় বলে দাবি প্রধান শিক্ষক। এছাড়াও তদন্তের বিষয় চ্যালেঞ্জ ছুড়ে দিয়ে প্রধান শিক্ষক বলেন,ইউ্এনওর কাজ ইউএনও করবে এবং আমি আমার কাজ করব। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ও বিদ্যালয়ের সভাপতি মো. হাসিবুল হাসান জানান, শিক্ষকদের লিখিত অভিযোগ এবং সরেজমিন তদন্তকালে সংগৃহীত তথ্য-উপাত্ত পর্যালোচনা করে প্রধান শিক্ষকের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগগুলোর সত্যতা পাওয়া গেছে। বিষয়টি আরও অধিকতর তদন্তের জন্য তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটি অভিযোগগুলোর বিস্তারিত যাচাই-বাছাই করে আগামী সাত দিনের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিল করবে। প্রতিবেদন পাওয়ার পর প্রধান শিক্ষকের বিরুদ্ধে প্রচলিত বিধি অনুযায়ী প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

বরগুনা পৌরসভা: পাঁচ দশকেও

নলকূপ, ১০ কিলোমিটার নতুন পাইপলাইন, ২০০ ফুট গভীরতায় দুটি গভীর নলকূপ এবং একটি পাম্প ও পানি শোধনাগার স্থাপনসহ বিভিন্ন কাজ প্রয়োজন। এসব কাজ বাস্তবায়নে বরাদ্দ চাওয়া হয়েছে। পৌরসভার তথ্য অনুযায়ী, বর্তমানে পানি সরবরাহ প্রকল্পের আওতায় থাকা কিছু উৎপাদক নলকূপ পর্যাপ্ত পানি দিতে পারছে না। ফলে গ্রীষ্ম মৌসুমে পানির সংকট আরও তীব্র হওয়ার আশঙ্কা রয়েছে। পাঁচ দশকের বেশি সময় ধরে একটি পৌরসভা পরিচালিত হওয়ার পরও নাগরিকদের নিরাপদ পানি নিশ্চিত করতে নতুন করে এত বড় অবকাঠামোর প্রয়োজন দেখা দিয়েছে। বরগুনা শহরের আরেকটি দীর্ঘস্থায়ী সমস্যা জলাবদ্ধতা। সামান্য বৃষ্টিতেই শহরের বিভিন্ন সড়ক ও নিচু এলাকায় পানি জমে যায়। অনেক স্থানে ড্রেন থাকলেও সেগুলো সংকীর্ণ, অপরিষ্কার অথবা পানি নিষ্কাশনের স্বাভাবিক প্রবাহের সঙ্গে কার্যকরভাবে সংযুক্ত নয়। কোথাও ড্রেন নির্মাণের পরও জলাবদ্ধতা থেকে যাচ্ছে। ফলে একদিকে ড্রেন নির্মাণে অর্থ ব্যয় হচ্ছে, অন্যদিকে নাগরিকদের দুর্ভোগও কমছে না। নিয়মিত ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণের ঘাটতিও এ সমস্যাকে আরও প্রকট করছে। শহরের যানজটও দিন দিন জটিল আকার ধারণ করছে। প্রধান সড়ক ও বাজার এলাকায় অতিরিক্ত যানবাহন, ফুটপাত দখল, সড়কের ওপর পণ্য ওঠানামা, যত্রতত্র পার্কিং এবং রিকশা-অটোরিকশার অনিয়ন্ত্রিত চলাচলে পথচারী ও যানবাহনের স্বাভাবিক চলাচল ব্যাহত হচ্ছে। শহরের অনেক সড়ক বর্তমান জনসংখ্যা ও যানবাহনের চাপের তুলনায় সংকীর্ণ। পরিকল্পিত পার্কিং ব্যবস্থা ও দীর্ঘমেয়াদি ট্রাফিক ব্যবস্থাপনা না থাকায় প্রতিদিনই সৃষ্টি হচ্ছে ভোগান্তি। বর্জ্য ব্যবস্থাপনাতেও রয়েছে নানা সীমাবদ্ধতা। কাঁচাবাজার, মাছের বাজার, কসাইখানা, হোটেল-রেস্টুরেন্ট ও আবাসিক এলাকা থেকে প্রতিদিন বিপুল পরিমাণ বর্জ্য উৎপন্ন হলেও সব বর্জ্য যথাসময়ে সংগ্রহ, পরিবহন ও যথাযথভাবে ব্যবস্থাপনা করা সম্ভব হচ্ছে না বলে অভিযোগ রয়েছে। বাজারের পচনশীল বর্জ্য ড্রেনে গিয়ে পানি নিষ্কাশন ব্যবস্থাকে বাধাগ্রস্ত করছে। এতে দুর্গন্ধ, মশা-মাছির উপদ্রব এবং পরিবেশদূষণের পাশাপাশি জলাবদ্ধতাও বাড়ছে। পৌরবাসীর অভিযোগ, দীর্ঘদিন ধরে নির্বাচিত জনপ্রতিনিধিত্ব না থাকায় নাগরিকদের সঙ্গে পৌর প্রশাসনের সরাসরি জবাবদিহির ক্ষেত্রটি দুর্বল হয়েছে। জনপ্রতিনিধিরা নিয়মিত নাগরিকদের কাছে জবাবদিহি করলে স্থানীয় সমস্যা চিহ্নিত ও সমাধানে চাপ সৃষ্টি হয়। কিন্তু জনপ্রতিনিধিত্বের অনুপস্থিতিতে পৌরসভার প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন, অর্থ ব্যয় ও নাগরিক সেবার মান নিয়ে সাধারণ মানুষের প্রত্যাশিত পর্যায়ের অংশগ্রহণ ও নজরদারি নিশ্চিত হচ্ছে কি না, তা নিয়ে প্রশ্ন রয়েছে। পৌরসভার কতিপয় কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে ঘুষ, হয়রানি, অনিয়ম ও বিভিন্ন সেবার ক্ষেত্রে অতিরিক্ত অর্থ দাবির অভিযোগও রয়েছে। এসব অভিযোগের সত্যতা নিরপেক্ষভাবে যাচাই করে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া প্রয়োজন। একই সঙ্গে অভিযোগের নামে কোনো নির্দোষ কর্মকর্তা-কর্মচারী যেন হয়রানির শিকার না হন, সেটিও নিশ্চিত করতে হবে। পৌরসভার টেন্ডার, প্রকল্প বাস্তবায়ন, ঠিকাদারি কাজ, বিল পরিশোধ, পানি সরবরাহ, বর্জ্য ব্যবস্থাপনা ও নাগরিক সেবার সঙ্গে সংশ্লিষ্ট আয়-ব্যয়ের তথ্য প্রকাশ করা হলে অনিয়মের অভিযোগের প্রকৃত চিত্র স্পষ্ট হতে পারে। গত কয়েক বছরে বরগুনা পৌর এলাকায় রাস্তা, ড্রেন, পানি সরবরাহসহ বিভিন্ন উন্নয়ন প্রকল্পে অর্থ ব্যয় হয়েছে। কিন্তু অনেক ক্ষেত্রেই কাজের স্থায়িত্ব, মান ও কার্যকারিতা নিয়ে প্রশ্ন রয়েছে। একটি রাস্তা নির্মাণের পর অল্প সময়ের মধ্যে ক্ষতিগ্রস্ত হওয়া কিংবা ড্রেন নির্মাণের পরও জলাবদ্ধতা অব্যাহত থাকা হলে প্রকল্পের মান ও পরিকল্পনা নিয়ে প্রশ্ন ওঠা স্বাভাবিক। তাই শুধু প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের সংখ্যা নয়, প্রকল্পের বাস্তব সুফলও মূল্যায়ন করা জরুরি। বরগুনা পৌরসভার বর্তমান পরিস্থিতি কোনো একক সমস্যা নয়; এটি দীর্ঘদিনের পরিকল্পনার ঘাটতি, অবকাঠামোর সীমাবদ্ধতা, রক্ষণাবেক্ষণের দুর্বলতা, প্রশাসনিক অদক্ষতা এবং সম্ভাব্য অনিয়মের সম্মিলিত ফল হতে পারে। এজন্য গত এক দশকের পৌর উন্নয়ন প্রকল্প, বরাদ্দ, ব্যয়, কাজের মান, পানি সরবরাহ ব্যবস্থা, ড্রেনেজ, বর্জ্য ব্যবস্থাপনা এবং কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে ওঠা অভিযোগের স্বচ্ছ তদন্ত প্রয়োজন। পৌরবাসী উন্নয়ন চান, তবে কাগজে-কলমে নয়; তারা চান দৃশ্যমান ও টেকসই উন্নয়ন। নিরাপদ পানি, জলাবদ্ধতামুক্ত সড়ক, পরিচ্ছন্ন পরিবেশ, যানজটমুক্ত চলাচল, কার্যকর বর্জ্য ব্যবস্থাপনা এবং দুর্নীতিমুক্ত নাগরিক সেবা নিশ্চিত করা এখন সময়ের দাবি। পাঁচ দশকের বেশি সময় পরও যদি মৌলিক নাগরিক সেবার জন্য মানুষকে দুর্ভোগ পোহাতে হয়, তাহলে বরগুনা পৌরসভার পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও প্রশাসনিক ব্যবস্থাপনা নিয়ে নতুন করে ভাবার সময় এসেছে। নাগরিকের করের অর্থে পরিচালিত এই প্রতিষ্ঠানকে শেষ পর্যন্ত নাগরিকের কাছেই জবাবদিহি নিশ্চিত করতে হবে।

মেহেন্দিগঞ্জে কিশোর গ্যাংয়ের

বিভিন্ন সড়কের মোড়ে পথচারীদের হয়রানি, ছিনতাই ও ভয়ভীতি প্রদর্শনের অভিযোগও করেছেন স্থানীয়রা। নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন স্থানীয় বাসিন্দা অভিযোগ করেন, কিছু প্রভাবশালী ব্যক্তির আশ্রয়-প্রশ্রয়ে এলাকায় জুয়ার আসর বসার সুযোগ তৈরি হচ্ছে। তবে এসব অভিযোগের স্বাধীন সত্যতা তাৎক্ষণিকভাবে যাচাই করা সম্ভব হয়নি। স্থানীয়দের আরও অভিযোগ, কেউ এসব কর্মকাণ্ডের প্রতিবাদ করলে তাকে সামাজিক যোগাযোগমাধ্যমে বিভিন্নভাবে হয়রানি বা অপমানের চেষ্টা করা হয়। ফলে অনেকেই ভয়ে মুখ খুলতে চান না। এলাকাবাসী জানান, এর আগে কয়েক দফা বিভিন্ন মাধ্যমে সহায়তা চাওয়ার চেষ্টা করা হলেও তারা প্রত্যাশিত সহযোগিতা পাননি বলে অভিযোগ করেছেন। তারা দক্ষিণ উলানিয়ার বাগারহাটসহ সংশ্লিষ্ট এলাকায় নিয়মিত পুলিশ টহল বাড়ানোর দাবি জানিয়েছেন। তাদের প্রত্যাশা, বিকেল থেকে রাত পর্যন্ত গুরুত্বপূর্ণ পয়েন্টগুলোতে নিয়মিত টহল এবং মাদক, জুয়া ও কিশোর গ্যাংয়ের বিরুদ্ধে আইনানুগ অভিযান পরিচালনা করা হলে এলাকার আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি হবে। সাধারণ মানুষের নিরাপত্তা নিশ্চিত করতে সংশ্লিষ্ট প্রশাসনের দ্রুত হস্তক্ষেপ কামনা করেছেন স্থানীয় বাসিন্দারা।

সেপ্টেম্বর থেকে বাড়তে পারে

সমন্বিত উদ্যোগের ওপর গুরুত্ব আরোপ করেছেন তারা। সোমবার (১৭ আগস্ট) বাংলাদেশ মেডিকেল ইউনিভার্সিটিতে (বিএমইউ) অনুষ্ঠিত এক সেমিনারে এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন সংশ্লিষ্ট বিশেষজ্ঞ চিকিৎসকরা। 'ডেঙ্গু ২০২৬ : আপডেটস অন ইমার্জিং চ্যালেঞ্জেস অ্যান্ড ক্লিনিক্যাল ম্যানেজমেন্ট' শীর্ষক সেমিনারের আয়োজন করে বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল সেমিনার সাব-কমিটি। সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে বিএমইউর উপাচার্য অধ্যাপক এফ এম সিদ্দিকী বলেন, সেপ্টেম্বর, অক্টোবর ও ডিসেম্বর মাসে দেশে ডেঙ্গুর প্রাদুর্ভাব আরও বাড়তে পারে। সম্ভাব্য পরিস্থিতি মোকাবিলায় রোগীদের চিকিৎসাসেবা দিতে বিশ্ববিদ্যালয় প্রয়োজনীয় প্রস্তুতি নিয়েছে। ডেঙ্গু মোকাবিলায় শুধু চিকিৎসক ও হাসপাতাল কর্তৃপক্ষের প্রস্তুতি যথেষ্ট নয় উল্লেখ করে উপাচার্য বলেন, ডেঙ্গুর প্রকোপ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে সিটি করপোরেশনসহ সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও সর্বস্তরের মানুষকে সম্পৃক্ত করে সামাজিক সচেতনতা গড়ে তুলতে হবে। এডিস মশার প্রজননস্থল ধ্বংস ও পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদারের পাশাপাশি মানুষের মধ্যে প্রতিরোধমূলক আচরণ নিশ্চিত করতে সমন্বিত উদ্যোগের প্রয়োজন। সেমিনারে বিশেষ অতিথির বক্তব্যে বিএমইউর উপ-উপাচার্য (অ্যাকাডেমিক) অধ্যাপক মো. নজরুল ইসলাম বলেন, ডেঙ্গুতে আক্রান্ত রোগীর সঠিক সময়ে রোগ নির্ণয় করা সবচেয়ে গুরুত্বপূর্ণ। সময়মতো রোগ নির্ণয় না হলে রোগীর অবস্থার অবনতি হতে পারে। তাই দ্রুত রোগ নির্ণয়ের পাশাপাশি সঠিক চিকিৎসা নিশ্চিত করতে হবে। সেমিনারে ডেঙ্গুর বর্তমান পরিস্থিতি, রোগের জটিলতা, সময়মতো রোগ শনাক্তকরণ এবং চিকিৎসা ব্যবস্থাপনা নিয়ে আলোচনা করা হয়। ঝুঁকিপূর্ণ রোগী দ্রুত শনাক্ত করা, চিকিৎসার ক্ষেত্রে দ্রুত সিদ্ধান্ত নেওয়া এবং হাসপাতাল পর্যায়ে সমন্বিত ব্যবস্থাপনার ওপর গুরুত্ব দেওয়া হয়। সেমিনারে 'দ্য চেঞ্জিং ল্যান্ডস্কেপ অব ডেঙ্গু ইন বাংলাদেশ : সেরোটাইপ ডাইনামিকস অ্যান্ড ডিজিজ সিভিয়ারিটি' শীর্ষক বৈজ্ঞানিক প্রবন্ধ উপস্থাপন করেন বিএমইউর ভাইরোলজি বিভাগের সহযোগী অধ্যাপক এস এম রাশেদ উল ইসলাম। 'আপডেটেড ক্লিনিক্যাল ম্যানেজমেন্ট অব ডেঙ্গু' বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের ইন্টারনাল মেডিসিন বিভাগের সহকারী অধ্যাপক খালেদ মাহবুব মুর্শেদ। ভাইরোলজি বিভাগের অধ্যাপক ও সেন্ট্রাল সেমিনার সাব-কমিটির চেয়ারম্যান অধ্যাপক আফজালুন নেছার সভাপতিত্বে সেমিনারে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক মো. আবুল কালাম আজাদ, উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক মো. মুজিবুর রহমান হাওলাদার, কোষাধ্যক্ষ অধ্যাপক নাহরীন আখতার ও রেজিস্ট্রার অধ্যাপক মো. মোস্তফা কামাল উপস্থিত ছিলেন।

সৌদি-তুরস্ক-পাকিস্তানের জোটকে

সোমবার (১৭ আগস্ট) দ্য টাইমস অব ইসরায়েল এ প্রতিবেদন প্রকাশ করেছে। ট্রাম্প সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে লিখেছেন, এই চুক্তি দেখাচ্ছে যে মধ্যপ্রাচ্যের দেশগুলো ধীরে ধীরে একসঙ্গে এগিয়ে আসছে। একই সঙ্গে নিজেদের নিরাপত্তা নিশ্চিত করার সক্ষমতাও তারা আরও বাড়াতে পারবে। চলতি মাসের শুরুতে সৌদি আরব, তুরস্ক ও পাকিস্তান একটি যৌথ প্রতিরক্ষা চুক্তিতে সই করে। চুক্তির আওতায় কোনো একটি দেশের ওপর হামলা হলে সেটিকে তিন দেশের ওপর হামলা হিসেবে বিবেচনা করে যৌথভাবে প্রতিক্রিয়া জানানোর কথা বলা হয়েছে। চুক্তিটিকে মধ্যপ্রাচ্যে নতুন ধরনের নিরাপত্তা সহযোগিতার গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে দেখা হচ্ছে। এর মাধ্যমে সৌদি আরব ও পাকিস্তানের পাশাপাশি ন্যাটোর সদস্য তুরস্কও একটি নতুন আঞ্চলিক প্রতিরক্ষা কাঠামোর সঙ্গে যুক্ত হয়েছে। এর আগে তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান জানিয়েছিলেন, ভবিষ্যতে মিসরসহ আরও দেশ এই প্রতিরক্ষা ব্যবস্থায় যোগ দিতে পারে।

বাউফলে বিদ্যুৎস্পৃষ্টে কৃষকের মৃত্যু

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফলে রাস্তার ওপর পড়ে থাকা বিদ্যুতের ছেঁড়া তারে জড়িয়ে ইউসুফ রাড়ি (৫০) নামে এক কৃষকের মর্মান্তিক মৃত্যু হয়েছে। সোমবার দুপুর ২টার দিকে উপজেলার কেশবপুর ইউপির ১নম্বর ওয়ার্ড এলাকার কমলাপুর স্কুল সংলগ্ন রাস্তার ওপরে ঘটে এ ঘটনা। স্থানীয় লোকজন জানায়, আগের দিন রোববার সকালের দিকে রাস্তা দিয়ে একটি ভ্যাকু মেশিন নেয়ার সময় পল্লীবিদ্যুতের খুঁটি থেকে একটি তার বিচ্ছিন্ন হয়। এরপর স্থানীয়রা খবর দিলে পল্লী বিদ্যুতের মমিনপুর জোনাল অফিসের লোকজন ঘটনাস্থলে এলেও লাইনের আওতায় থাকা কয়েকজন গ্রাহকের কাছে ছেঁড়া তার মেরামতের জন্য টাকা দাবি করেন। এ সময় টাকা দিতে ব্যর্থ হলে বিপদজনক অবস্থায় রাস্তার ওপর পড়ে থাকলেও ছেঁড়া তার মেরামত না করেই ফিরে যায় তারা। দুপুরে গরুর ঘাস কাটতে গেলে মাটিতে পড়ে থাকা ওই ছেঁড়া তারে জড়িয়ে মর্মান্তিক মৃত্যু হয় ইসহাক রাড়ির ছেলে চার মেয়ের জনক কৃষক ইউসুফ রাড়ি। এ ঘটনার পর ওই এলাকায় উত্তপ্ত পরিস্থিতি বিরাজ করছে। লোকজন পল্লী বিদ্যুতের মমিরপুর জোনাল অফিস ঘেরাও করে রেখেছে। উপস্থিত লোকজন পল্লীবিদ্যুতের কর্মচারীদের উদ্দেশ্য করে নানা ধরনের বিব্রতকর মন্তব্য করছেন। এদিকে ঘটনার বিষয়ে জানতে স্থানীয় কয়েকজন সংবাদকর্মী পল্লীবিদ্যুতের বাউফল জোনাল অফিসের ডিজিএম, এজিএমকম সহ জরুরী অভিযোগ নম্বরে একাধিকবার ফোন করা হলেও কেউই রিসিভ করছেন না। এ বিষয়ে বাউফল থানার ওসি সিরাজুল ইসলাম বলেন, ঘটনা শুনে পরিস্থিতি নিয়ন্ত্রনে ফোর্স পাঠানো হয়েছে। আমিও স্বশরীরে সেখানে রয়েছি।

কোস্টগার্ডের মেডিকেল ক্যাম্পে অসহায় মানুষ পেলো চিকিৎসা-ওষুধ

ভোলা প্রতিনিধি

ভোলায় কোস্টগার্ডের উদ্যোগে আয়োজিত ফ্রি মেডিকেল ক্যাম্পে চিকিৎসাসেবা ও প্রয়োজনীয় ওষুধ পেয়েছেন ২৯৬ জন দুস্থ ও অসহায় মানুষ। সোমবার (১৭ আগস্ট) সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত সদর উপজেলার ভেদুরিয়া ইউনিয়ন পরিষদে এ ক্যাম্প অনুষ্ঠিত হয়। উপকূলীয় ও নদীতীরবর্তী এলাকার মানুষের জন্য নিয়মিত মানবিক কার্যক্রমের অংশ হিসেবে এ আয়োজন করে কোস্টগার্ড বেইস ভোলা। কোস্টগার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাব্বির আলম সুজন বিনামূল্যে চিকিৎসাসেবার বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, সোমবার সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত কোস্টগার্ড বেইস ভোলার ব্যবস্থাপনায় সদর উপজেলার ভেদুরিয়া ইউনিয়ন পরিষদে মেডিকেল ক্যাম্পেইন পরিচালনা করা হয়। এসময় মেডিকেল ক্যাম্পেইনে ২৯৬ জন মানুষের মাঝে বিনামূল্যে চিকিৎসা সেবা ও প্রয়োজনীয় ওষুধ সামগ্রী প্রদান করা হয়। তিনি আরও বলেন, বাংলাদেশ কোস্টগার্ড উপকূলীয় ও নদী তীরবর্তী অঞ্চলের মানুষের কল্যাণে বিভিন্ন মানবিক কাজ করছেন। পাশাপাশি নিয়মিত মেডিকেল ক্যাম্পেইনের মাধ্যমে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করে আসছে। কোস্টগার্ড ভবিষ্যতেও এ ধরনের জনসেবামূলক কার্যক্রম অব্যাহত রাখবে।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ মঙ্গলবার ॥ ১৮ আগস্ট ২০২৬ ॥ ০৪ ভাদ্র ১৪৩৩

সৌদি-তুরস্ক-পাকিস্তানের জোটকে স্বাগত জানালেন ট্রাম্প

কীর্তনখোলা ডেস্ক
সৌদি আরব, তুরস্ক ও পাকিস্তানের মধ্যে সম্প্রতি হওয়া প্রতিরক্ষা চুক্তিকে স্বাগত জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তার মতে, এই চুক্তি মধ্যপ্রাচ্যের দেশগুলোর মধ্যে সহযোগিতা আরও বাড়ার ইঙ্গিত দিচ্ছে। ৩ এর পাতায় দেখুন

সেপ্টেম্বর থেকে বাড়তে পারে ডেঙ্গুর প্রকোপ, সতর্কতা

কীর্তনখোলা ডেস্ক
দেশে সেপ্টেম্বর থেকে ডেঙ্গুর প্রকোপ বাড়তে পারে বলে সতর্ক করেছেন চিকিৎসকরা। পরিস্থিতি মোকাবিলায় চিকিৎসাব্যবস্থার প্রস্তুতির পাশাপাশি এডিস মশার প্রজননস্থল ধ্বংস, জনসচেতনতা বৃদ্ধি এবং দ্রুত রোগ শনাক্তকরণে ৩ এর পাতায় দেখুন

টানা বৃষ্টিতে আড়িয়াল খাঁ'র ভাঙনে বিলীন হচ্ছে ঘরবাড়ি

বাবুগঞ্জ প্রতিনিধি
বরিশালের বাবুগঞ্জে টানা তিন দিনের বৃষ্টিতে হঠাৎ করে নদ-নদীর পানি বেড়েছে। এতে আড়িয়াল খাঁ নদে দেখা দিয়েছে তীব্র ভাঙন। নদীতীরবর্তী আতঙ্কিত মানুষ গাছপালা কেটে ঘরবাড়ি সরিয়ে নেওয়ার আগেই সেগুলো ভেঙে নদীতে ভেসে যাচ্ছে। বসতভিটা ও সম্পদ হারিয়ে বিলাপ করছেন ভাঙনকবলিত মানুষ। রোববার (১৬ আগস্ট) বিকালে প্রায় ১০০ ফুট এলাকাজুড়ে ফাটল দেখা দেয়। সন্ধ্যার দিকে চোখের পলকে ১০টি বসতঘর, ফসলি জমি ও গাছপালাসহ সড়কের প্রায় ৫০ ফুট এলাকা নদীগর্ভে বিলীন হয়ে যায়। একদিনে আড়িয়াল খাঁ নদীর ভাঙনে রহমতপুর ইউনিয়নের লোহালিয়া গ্রামের ১০টি বসতভিটা ও ঘরবাড়ি বিলীন হওয়ায় আতঙ্কে রয়েছেন নদীতীরের মানুষ। শনিবার থেকে এ অঞ্চলে টানা বৃষ্টি হচ্ছে। বৃষ্টি ও উজান থেকে নেমে আসা ঢলে আড়িয়াল খাঁ নদে পানি বেড়েছে। চোখের পলকে ভেঙে যাচ্ছে বসতঘর, গাছপালা ৩ এর পাতায় দেখুন

বাউফলে ঋণ দেয়ার কথা বলে ১৫ লাখের বেশী টাকা নিয়ে উধাও এনজিও

মাঈন উদ্দিন জিপু, বাউফল
পটুয়াখালী বাউফলে সহজ শর্তে ঋণ দেওয়ার কথা বলে বিভিন্ন ব্যক্তির কাছ থেকে ১৫ লাখ টাকার বেশী অর্থ সংগ্রহের পর 'সমাজ কল্যাণ উন্নয়ন সংস্থা'নামে একটি এনজিওর কর্মকর্তারা উধাও হয়ে যাওয়ার অভিযোগ উঠেছে । এতে ভুক্তভোগীদের মধ্যে চরম ক্ষোভ ও উদ্বেগ দেখা দিয়েছে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে,বাউফল পৌরশহরের ২ নম্বর ওয়ার্ড কলেজ রোড জালাল প্লাজায় বাসা ভাড়া নিয়ে সমাজ কল্যাণ উন্নয়ন সংস্থা' নামে কার্যক্রম শুরু করে প্রতিষ্ঠানটি। এরপর সংস্থাটির প্রতিনিধিরা উপজেলার বিভিন্ন ইউনিয়নের স্থানীয় বিভিন্ন ব্যক্তিকে সহজ শর্তে ঋণ দেওয়ার আসা দিয়ে সঞ্চয় ও বিভিন্ন খাতে টাকা সংগ্রহ করেন এবং ঋণ দেওয়া হবে গত ৩ এর পাতায় দেখুন

রাজাপুরে অবৈধ পলিথিন ও জাল জব্দ, দোকানিকে জরিমানা

রাজাপুর প্রতিনিধি
ঝালকাঠির রাজাপুরে অভিযান চালিয়ে বিপুল পরিমাণ অবৈধ পলিথিন, কারেন্ট জাল ও চায়না দুয়ারি জাল জব্দ করেছে ভ্রাম্যমাণ আদালত। জব্দ করা এসব সামগ্রীর আনুমানিক মূল্য ৪ লাখ ৪৮ হাজার টাকা। এ ঘটনায় আব্দুল্লাহ স্টোরের মালিক মো. আব্দুল্লাহকে ৫০০ টাকা জরিমানা করা হয়েছে। সোমবার (১৭ আগস্ট) দুপুর ১টার দিকে উপজেলার বাগড়ি বাজারে এ অভিযান পরিচালনা করা হয়। ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে আব্দুল্লাহ স্টোরে অভিযান চালিয়ে ১৪৫ কেজি অবৈধ ৩ এর পাতায় দেখুন

ছাগলের পা বেঁধে খালে ফেলে হত্যা, বিচারের দাবিতে থানায় কৃষক

নেছারাবাদ প্রতিনিধি
মাত্র চারটি সুপারি চারা খাওয়ার অভিযোগে দুটি ছাগলের পা বেঁধে খালে ফেলে নির্মমভাবে হত্যার অভিযোগ উঠেছে। ঘটনাটিতে পিরোজপুরের নেছারাবাদ উপজেলার সমুদয়কাঠি ইউনিয়নের মৈশানি গ্রামে তীব্র ক্ষোভ ও নিন্দার ঝড় বইছে। রোববার বিকেলে এ ঘটনার পর বিচার চেয়ে মৃত ছাগল দুটি সঙ্গে নিয়ে নেছারাবাদ থানায় লিখিত অভিযোগ করেছেন ক্ষতিগ্রস্ত দরিদ্র কৃষক সেলিম হাওলাদার। কৃষক সেলিমের অভিযোগ সূত্রে জানা যায়, বাড়ির পাশের সরকারি রাস্তার পাশে স্থানীয় সুনীল হালদারের একটি সুপারি চারা বাগান ছিল। সকালে ছাগল ঘরে রেখে খাবার সংগ্রহ করতে যান সেলিম। দুপুরে ফিরে এসে ছাগল না পেয়ে খোঁজাখুঁজির একপর্যায়ে পাশের ৩ এর পাতায় দেখুন

ডিসি অফিসে ছাত্রলীগ নেতার নিয়োগ বাতিলের দাবিতে মানববন্ধন

ঝালকাঠি প্রতিনিধি
ঝালকাঠি জেলা প্রশাসকের কার্যালয়ে ২০তম গ্রেডের পদে নিয়োগের জন্য চূড়ান্তভাবে সুপারিশপ্রাপ্ত মো. শফিকুল ইসলামের নিয়োগ বাতিলের দাবিতে মানববন্ধন করেছেন নাচনমহল ইউনিয়নের সর্বস্তরের জনগণ। সোমবার (১৭ আগস্ট) বেলা ১১টায় ঝালকাঠি প্রেসক্লাবের সামনের সড়কে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে বক্তব্য দেন ঝালকাঠি জেলা স্বেচ্ছাসেবক দলের সাবেক সভাপতি শফিকুল ইসলাম লিটন, জেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক এনামুল হক সাজু, রুবল ফকির, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক মামুন খানসহ অনেকে। মানববন্ধনে বক্তারা অভিযোগ করেন, মো. শফিকুল ইসলাম নাচনমহল ইউনিয়ন ছাত্রলীগের দপ্তর সম্পাদক ৩ এর পাতায় দেখুন

মেহেন্দিগঞ্জে কিশোর গ্যাংয়ের উৎপাতে অতিষ্ঠ এলাকাবাসী

নুরে রাব্বি নাঈম, মেহেন্দিগঞ্জ
মেহেন্দিগঞ্জ উপজেলার দক্ষিণ উলানিয়া ইউনিয়নের রাজাপুর গ্রামের বাঘারহাট এলাকায় কিশোর গ্যাং, বখাটেপনা, মোবাইল জুয়া ও ছিনতাইয়ের অভিযোগে অতিষ্ঠ হয়ে পড়েছেন এলাকাবাসী। স্থানীয়দের অভিযোগ, বিকেল থেকে রাত পর্যন্ত বিভিন্ন স্থানে কিশোর ও যুবকদের আড্ডা, মোবাইল জুয়া এবং পথচারীদের হয়রানির ঘটনা ঘটছে। স্থানীয়দের ভাষ্য, পাতারহাট টু উলানিয়া সড়কের বাঘারহাট মিজানের দোকান, বাগারহাট পুল থেকে খন্তখালী দাখিল মাদরাসা, বাঘারহাট পুল থেকে বুড়িরপুল বাজার পর্যন্ত বিভিন্ন স্থানে কিশোর ও যুবকদের আড্ডা দেখা যায়। এলাকাবাসীর অভিযোগ, স্কুল ছুটির পর শিক্ষার্থীদের চলাচলের সময় কিছু বখাটে ইভটিজিং করে। সন্ধ্যার পর ৩ এর পাতায় দেখুন

বরগুনা পৌরসভা: পাঁচ দশকেও কাটেনি নাগরিক দুর্ভোগ

বরগুনা প্রতিনিধি
১৯৭২ সালে প্রতিষ্ঠার পর ৫৪ বছর পেরিয়ে গেলেও বরগুনা পৌরসভা এখনও নাগরিক সেবার কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে পারেনি। নিরাপদ পানির সংকট, অপর্যাপ্ত ও অপরিকল্পিত ড্রেনেজ ব্যবস্থা, জলাবদ্ধতা, যানজট, সংকীর্ণ সড়ক, বর্জ্য ব্যবস্থাপনার দুর্বলতা, দীর্ঘদিন নির্বাচিত জনপ্রতিনিধির অনুপস্থিতি এবং পৌরসভার কতিপয় কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে অনিয়ম-দুর্নীতির

অভিযোগে নাগরিক দুর্ভোগ ক্রমেই বাড়ছে। উন্নয়ন প্রকল্প গ্রহণ ও অর্থ ব্যয়ের পরও এসব মৌলিক সমস্যার স্থায়ী সমাধান না হওয়ায় প্রশ্ন উঠেছে পৌরসভার সামগ্রিক ব্যবস্থাপনা ও জবাবদিহি নিয়ে। বরগুনা পৌরসভার সাম্প্রতিক এক চিঠিতে নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থার নাজুক চিত্র উঠে এসেছে। চিঠিতে বলা হয়েছে, পৌর এলাকায় পানি সরবরাহ নিশ্চিত করতে ১৪টি উৎপাদক ৩ এর পাতায় দেখুন

নদীতে নিখোঁজের ৩২ ঘণ্টা পর শিক্ষার্থীর মরদেহ উদ্ধার

বরগুনা প্রতিনিধি
বরগুনার পায়রা নদীতে তলিয়ে যাওয়ার একদিন পর ১০ম শ্রেণির শিক্ষার্থী রাবেয়া আক্তার জুঁইয়ের (১৫) মরদেহ উদ্ধার করা হয়েছে। সোমবার (১৭ আগস্ট) বিকেল পৌনে ছয়টার দিকে বরগুনার তালতলী উপজেলার সাগর মোহনা তেতুলবাড়িয়ার চর থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। মরদেহ উদ্ধারের বিষয়টি নিশ্চিত করেছেন বরগুনা সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. শাহ্ আজিজ। এর আগে রোববার (১৬ আগস্ট) সকাল ৯টার দিকে বরগুনা সদর উপজেলার ৯নং এম বালিয়াতলী ইউনিয়নের লতাকাটা খেয়াঘাট এলাকায়

পায়রা নদীর তীরে হাঁটতে গিয়ে নিখোঁজ হয় জুঁই। নিহত জুঁই রাজধানীর মিরপুরের বাসিন্দা জনি চৌধুরীর মেয়ে। তাদের গ্রামের বাড়ি ব্রাহ্মণবাড়িয়া জেলার নাসিরনগর ৩ এর পাতায় দেখুন

৩০ বছর আত্মগোপনে থাকা সাজাপ্রাপ্ত আসামি গ্রেফতার

বাকেরগঞ্জ প্রতিনিধি
বরিশালের বাকেরগঞ্জে ডাকাতি মামলায় সাত বছরের সাজাপ্রাপ্ত এক আসামিকে প্রায় ৩০ বছর পর গ্রেফতার করেছে র‍্যাব-৮। ঢাকার কেরানীগঞ্জ এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। বিষয়টি নিশ্চিত করেছেন র‍্যাব-৮ বরিশাল সদর কোম্পানি কমান্ডার লেফটেন্যান্ট কমান্ডার মো. শাহরিয়ার রিফাত গ্রেফতার ওই আসামির নাম ফারুক মোল্লা। তিনি বাকেরগঞ্জ উপজেলার চরামদ্দি ইউনিয়নের উত্তর কাটাদিয়া গ্রামের আবদুল খালেক মোল্লার ছেলে। র‍্যাব-৮ বরিশাল সূত্রে জানা গেছে, ১৯৯৪ সালে করা একটি ডাকাতি মামলায় ১৯৯৫ সালে আদালত ফারুক মোল্লাকে সাত বছরের কারাদণ্ড দেন। রায় ঘোষণার সময় তিনি আদালতে অনুপস্থিত ছিলেন। এরপর থেকেই তিনি গ্রেপ্তার এড়িয়ে দীর্ঘদিন আত্মগোপনে ছিলেন। র‍্যাব জানায়, গোপন সংবাদের ভিত্তিতে তথ্যপ্রযুক্তির সহায়তায় ফারুক মোল্লার অবস্থান শনাক্ত করা হয়। পরে র‍্যাব-১০-এর সহযোগিতায় র‍্যাব-৮-এর একটি দল ঢাকার কেরানীগঞ্জ ৩ এর পাতায় দেখুন

তদন্ত কমিটি গঠন

ভাণ্ডারিয়ার প্রধান শিক্ষকের স্বেচ্ছাচারিতা ও অর্থ আত্মসাত

ভাণ্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুরের ভাণ্ডারিয়া থানা বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এস এম মজিবুর রহমানের বিরুদ্ধে নিয়ম-নীতির তোয়াক্কা না করে মনগড়া রেজোলিউশন তৈরি, আর্থিক অনিয়ম, শিক্ষকদের মানসিকভাবে হয়রানি এবং নারী শিক্ষকের পোশাক নিয়ে প্রকাশ্যে কটূক্তিসহ একের পর এক গুরুতর অভিযোগ উঠেছে। এসব অভিযোগের পর সরেজমিনে ২দফা তদন্ত করেছেন ভাণ্ডারিয়া উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) ও বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি মো. হাসিবুল হাসান। সরেজমিন তদন্তে অভিযোগের সত্যতা নিশ্চিত করতে তদন্ত কমিটি গঠন করেন বিদ্যালয়ের সভাপতি ইউএনও মো. হাসিবুল হাসান। তদন্তকালে একাধিক সহকারী শিক্ষকের স্বাক্ষরিত লিখিত অভিযোগের ভিত্তিতে রোববার (১৬ আগস্ট) বিকেলে এবং ১৭আগষ্ট সোমবার দুপুরে মোট ২দফা বিদ্যালয়ে সরেজমিন তদন্তে যান ইউএনও। সেখানে তিনি ৩ এর পাতায় দেখুন

আলোশিখার বাউন্ডারী ভিতর বিদ্যুতিক মালামাল চুরি, কর্তৃপক্ষ আতঙ্কিত

আগৈলঝাড়া প্রতিনিধি
বরিশালের আগৈলঝাড়া উপজেলার দীর্ঘদিনের অসহায় গরিবের পাশে থাকা মানবিক কেন্দ্র উপজেলার রাজিহার আলোশিখা সমাজ উন্নয়ন কেন্দ্র ও ভোকেশনাল ট্রেনিং সেন্টার বাস্তবায়ন আলোশিখা রাজিহার সমাজ উন্নয়ন কেন্দ্র রয়েছে। সাধারণ অসহায়দের সহায়তা দিয়ে যাচ্ছেন এই প্রতিষ্ঠান এরই মধ্যে কিছু দিন ধরে দেখা যাচ্ছে উক্ত স্থানে বিদ্যুতিক মালামাল ওয়েল্ডিং মেশিন সহ কয়েক লক্ষ টাকার মালামাল চুরি করে নিয়ে যায় এবং চোর চক্রটি ভয়ংকর রূপ ধারণ করে গত ৭/৩/২০২৬, ৬/৫/২০২৬ ও ৩/৮/২০২৬ ইং থেকেই প্রায় রাতে যখন বিদ্যুৎ না থাকে তখন এই চোর চক্রটি উক্ত স্থানে হানা দিয়ে বৈদ্যুতিক মালামাল নিয়ে যান, তবে চোর ধরার জন্য উক্ত স্থানের প্রহরী হিসেবে দায়িত্ব পালন করেন স্বপন বাড়ৈসহ উক্ত কেন্দ্রটির কর্মচারীরা জানান আমরা দিশেহারা হয়েছি চোর চক্রটি যখন সুযোগ পায় তখন এই লক্ষ লক্ষ টাকা মালামাল চুরি করে ৩ এর পাতায় দেখুন

এক একর জমির ফলদ ও বনজ বৃক্ষ কেটে নিয়েছে দুর্বৃত্তরা

কীর্তনখোলা রিপোর্ট
ভোলা সদর উপজেলার পাঙ্গাশিয়া মৌজায় বিরোধীয় প্রায় এক একর জমির ফলদ ও বনজ বৃক্ষ কেটে নিয়েছে দুর্বৃত্তরা। স্থানীয় প্রভাবশালী একটি গ্রুপের ছত্রছায়ায় টানা দুই দিন ধরে পাঁচ লক্ষাধিক টাকার গাছ কেটে নিয়েছে। পরে পুলিশ গিয়ে গাছ কাটা বন্ধ করেছে। এদিকে গাছের মালিকদেরকে হুমকি ধামকি দেওয়া হচ্ছে বলেও অভিযোগ করেছেন ভুক্তভোগী পরিবারের লোকজন। জমির মালিকদের পক্ষে মোঃ ফারুক জানান, তার নানা আবদুল মুনাফ খরিদ সুত্রে মালিক হয়ে দীর্ঘ ৬০ বছরের অধিক সময় ধরে ভোগ দখলে থাকা জমিতে তাদের ফলদ ও বনজ বৃক্ষ রয়েছে। তাছাড়া প্রায় ৪০ শতাংশ জমিতে রয়েছে কলা বগান। বিগত কয়েক বছর যাবত কাশেম মাতব্বর গ্রুপ ওই জমি খরিদ করেছে দাবি করে জবর দখলের পায়তারা শুরু করে। পরবর্তীতে বিষয়টি আদালতে গড়ায়। আদালত আমার নানা আবদুল মুনাফ গ্রুপের পক্ষে রায় দেন। রায়ের পর ৩ এর পাতায় দেখুন

সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি'র চেয়ারপার্সন মরহুমা বেগম খালেদা জিয়ার জন্মদিন উপলক্ষ্যে বহুমুখী সিটি মার্কেটের ব্যবসায়ী উদ্যোগে দোয়া-মোনাজাত -কীর্তনখোলা

সুখবর পেলেন ছাত্রদলের সাবেক দুই নেতা

গৌরনদী প্রতিনিধি
বরিশালের গৌরনদীতে উপজেলা ছাত্রদলের সাবেক সভাপতি মো. জাফর ইকবাল ও সরকারি গৌরনদী কলেজের ভিপি কেএম আনোয়ার হোসেন বাদলকে বিএনপির মূল কমিটিতে যুগ্ম আহ্বায়ক হিসেবে পদায়ন দেওয়া হয়েছে। রোববার (১৬ আগস্ট) বরিশাল উত্তর জেলা বিএনপির আহ্বায়ক দেওয়ান মো. শহিদুল্লাহ এবং সদস্য সচিব মিজানুর রহমান খান মুকুল স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। জানা গেছে, ১৯৮৬ সালে এরশাদ বিরোধী আন্দোলনের ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution.
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com